थग्राश्राम्।

অর্থাৎ ধন্মপদ নামক স্থবিখ্যাত পালি গ্রন্থের মূ**ল**, অনুয়, সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গানুবাদ

(দ্বিতীয় সংস্করণ)

গ্রীচারু চন্দ্র বস্থু

কৰ্তৃক

সম্পাদিত, প্রণীত ও প্রকাশিত

10001

খুলা ১॥० দেড় টাকা মাত্র।

RINTED BY J. N. BOSE,

WILKINS PRESS, 28. BEADON ROW

CALCUTTA.

1905

ভুমিকা।

প্রথম সংস্করণ।

মদীর প্রিরতম স্কল্ স্থবিজ্ঞ ও শ্রন্ধাভাজন শ্রীযুক্ত বাবু চারুচক্ত বস্থ মহাশয় মূল, অরয়, ব্যাখ্যা ও অমুবাদসহ ধল্মপদ গ্রন্থ বঙ্গাল্পরে সম্পাদিত ও প্রকাশিত করিয়া সাধারণের নিরতিশয় ধল্যবাদার্হ ইয়াছেন। চারুবাবু এই গ্রন্থর সম্পাদন বিষয়ে যে বহু আয়াস স্বীকার করিয়াছেন ভাহার উল্লেখ আমার পক্ষে নিম্প্রাজন। যাঁহারা তাঁহার গ্রন্থ পাঠ করিবেন, তাঁহারা স্বয়ংই উহা উপলব্ধি করিতে পারিবেন। তাঁহার ল্লায় বিনয়-নম্র ব্যক্তি স্বীয় গ্রন্থে আল্ম-প্রশংসা কথনই লিপিবদ্ধ করিবেন না, এই আশঙ্কায় আমি তাঁহার সম্বন্ধে এই স্থলে কোন কথাই বলিতে পারিলাম না।

গ্রন্থসংক্ষ আমার বক্তব্য এই যে আমরা শ্রীমদ্ভগবদ্গীতার যেরূপ
সমাদর করি, বৌদ্ধগণ ধন্মপদ গ্রন্থেরও তজ্ঞপ সমাদর করিয়া থাকেন।
ভগবান্ শ্রীকৃষ্ণ যেরূপ সকল ধন্মের সার স্বরূপ গীতোক্ত উপদেশ প্রদান
করিয়াছিলেন, বৃদ্ধ তথাগত ও সেইরূপ ধন্মপদ গ্রন্থে স্থীয় ধন্মের স্থূল
মন্ম সংক্ষিপ্তভাবে পরিবাক্ত করিয়াছেন। ধন্মপদ গ্রন্থ হিন্দু, বৌদ্ধ,
মুসলমান, খৃষ্টান্ প্রভৃতি সকলেরই পাঠা। ইহার বিশ্বজনীন উপদেশ
কোন ধন্মেরই বিরোধী নহে। যেরূপ পুরাকালে চীন, জাপান, সিংহল,
বন্ধা, তিব্বত, ভারত প্রভৃতি সকল স্থানে এই গ্রন্থ থানি যত্নের সহিত ও
ভক্তিভাবে অধীত ও অধ্যাপিত হইত, এখনও সেইরূপ বৌদ্ধদেশমাজ্বেই
উক্ত গ্রন্থের প্রতি সমাদর অক্ষুধ্ধ রহিয়াছে। শ্রমণগণ উপসম্পূদা
(Ordination) গ্রহণকালে এই গ্রন্থ কণ্ঠন্থ (অন্ততঃ আর্ভি)
করিয়া থাকেন।

অনেকস্থলে মহুসংহিতা, মহাভারত প্রভৃতি গ্রন্থের বচনের সহ ধন্মপদ প্রভৃতি পালি গ্রন্থের বচনের সম্পূর্ণ ঐক্য দৃষ্ট হয়। বুদ্ধঘোষ ধশ্রপদ্ গ্রন্থের অত্থকথা নামে যে টীকা প্রণন্ধন করিয়াছেন, তাহাতে যে সকল শ্লোক উদ্ভূত হইয়াছে, উহার সহও হিন্দুগ্রন্থে উদ্ভূত শ্লোকের অনেক সৌসাদৃশ্র বিষ্ণমান আছে। একটী উদাহরণ এম্বলে উল্লিখিত হইতেছে।

এক সময়ে একটা ব্যাধ জাল পাতিয়া বসিয়াছিল। বহু পক্ষী ঐ জালে বন্ধ হয়। তথন পক্ষিগণ পরম্পর পরামর্শ করিয়া জাল লইয়া য্গপৎ উড়িয়া গেল। এই ঘটনাপ্রসঙ্গে হিন্দু ও বৌদ্ধগ্রন্তে নিয়লিথিত প্রোকসমূহ দৃষ্ঠ হয় ঃ—

মহাভারত।

পাশমেকমুভাবেতং সহিতো হরতো মম।

যত্র বৈ বিবদিয়োতে তত্র মে বশমেয়তঃ ॥

(উত্যোগপর্বা, শ্লোক ২৪৬১)।

তুইটী পক্ষী সংমিলিত হইয়া আমার জালপাশ হরণ করিল। কিন্তু যথন ইহারা বিবাদ করিবে, তথন আমার বশে আসিবে।

পঞ্চন্ত্র।

জালমাদার গচ্ছস্তি সহসা পক্ষিণোহপামী।

যাবচ্চ বিবদিয়ান্তে পতিয়াতি ন সংশরঃ॥ (২— ১০)॥

এমন কি পক্ষিগণও জাল লইয়া সহসা উড়িয়া গেল। কিন্তু যথন
ইহারা বিবাদ করিবে, তথন নিশ্চয়ই ভূমিতে পতিত হইবে।

হিতোপদেশ।

সংহতাস্ত হরস্তোতে মম জালং বিহঙ্গমাঃ।

যদা তু নিপতিয়স্তি বশমেয়স্তি মে তদা ॥ (১ ৩৬)॥

এই পক্ষিণণ মিলিত হইয়া আমার জাল হরণ করিল। কিন্তু
ইহারা যথন ভূমিতে পতিত হইবে, তথন আমার বশে আসিবে।

भागि।

বত্তক-জাতক।

ઉ

স্তুনিপাত-অত্থকথা।

সংমোদমানা গচ্ছস্তি জালমাদার পক্থিণে। যদা তে বিবদিস্সন্তি তদা এহিস্তি মে বসং॥

পক্ষিগণ সংমিলিত হইয়া আনন্দ সহকারে জাল লইয়া গমন করিতেছে। যথন ইহারা পরস্পর বিবাদ করিবে, তথন আমার বশে আসিবে।

হিন্দু ও বৌদ্ধ গ্রন্থে উদ্ধৃত বচন সম্হের ঐক্যের কারণ নির্দেশ করিতে যাইয়া পাশ্চাতা পিশুতগণ বলিয়াছেন, পালিভাষার বচন গুলিই মূল, সংস্কৃতে ঐ সকল বচন কালক্রমে প্রক্রিপ্ত হইয়াছে, অথবা উহাদের অমুকরণে সংস্কৃতে অনেক শ্লোক প্রস্তুত হইয়াছে। পাশ্চাতা পশ্তিতগণের মতের সমালোচনা করা এস্থলে আমার উদ্দেশ্য নহে। মূল ধম্মপদ গ্রন্থের সংক্ষিপ্ত বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াই আমি ভূমিকার উপসংহার করিব।

পালিভাষার বৌদ্ধশাস্ত্র সমূহ তিন শ্রেণীতে বিভক্ত; কথা, স্থাত্ত (স্তা), বিনয় ও অভিধন্ম (অভিধন্ম)। ধন্মপদ গ্রন্থ স্থান্ত পিটকের অন্তর্গত। এই গ্রন্থ অতি প্রাচীন। ইহা ২৬ অধ্যায়ে সম্পূর্ণ হই-রাছে। এই কয়েকটা অধ্যায়ে নানা প্রস্তাবে গ্রন্থকার কোন্গুলি সৎকর্ম ও কোন্গুলি অসৎকর্ম ইহা বর্ণন করিয়াছেন। গ্রন্থের নাম ধন্মপদ, কিন্তু ধন্মপদের প্রক্লত অর্থ কি, তাহা এ পর্যান্ত নির্দ্ধারিত হয় নাই। মিঃ গগালির মতে "ধন্মপদের" অর্থ "ধন্মের সোপান,"; স্পেন্স হার্ডির মতে "ধন্মের পথ,"; ফীর মহোদয়ের মতে "ধন্মের ভিত্তি"; অধ্যাপক ফজ্বোলের মতে "ধর্ম্মবিষয়ক কাব্য;" মিঃ

বীল বলেন, চীন ভাষায় উহার অর্থ "ধ্র্যাগ্রন্থ"। "পদ" শব্দের অর্থ বইয়াই নানা গোল। "ধর্মা" শব্দের প্রকৃত অর্থ কি, তাহাত কেহই স্থনিশ্চিতরূপে বলিতে পারেন নাই। কেহ বলেন, 'ধর্মা' শব্দের অর্থ "কর্মা," কাহারও মতে উহার অর্থ "সংস্কার;" কেহ কেহ বলেন, "বেদনা, সংজ্ঞা ও সংস্কার", এই তিন স্কন্ধই ধর্ম শব্দের অস্তর্ত। অন্সেরা বলেন, "ধর্মা" শব্দের অর্থ "কার্য্য-কারণ ভাব"। কেহ কেহ বা ধর্ম শব্দের সামাগ্রতঃ "পদার্থ" অর্থ স্বীকার করিয়া থাকেন। কোন কোন পাশ্চাত্য গ্রন্থে "ধর্মা" শব্দ "স্বভাব" অর্থে পরিগৃহীত হইપাছে। এইরূপে "ধর্মা" ও "পদ" শব্দের অর্থ লইয়া নানা মত উপস্থিত হইয়াছে। সহস্র মত সত্ত্বেও পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে বলিয়াছেন, "কার্য্যকারণ ভাবই ধর্ম শব্দের প্রকৃত তাৎপর্যার্থ।" আমি বর্তুমান মুহুর্তে যাহা আছি, তাহা, পূর্ব্ব পূর্ব্ব মৃহুর্ত্তে যাহা ছিলাম তাহারই পরিণাম মাতা। আমি পর মৃহুর্তে যাহা হইব, তাহা ও বর্ত্তমান মৃহুর্তে যাহা আছি তাহার ফল মাত্র। এইরূপে কর্ম্মের পরিণামেই আমরা উৎপন্ন ও বিনষ্ট হইতেছি। কর্ম সাধারণতঃ ত্রিবিধ; যথা, কায়িক, বাচিক ও মান-সিক। আমি কুঠার দারা কোন ব্যক্তির শিরশ্ছেদ করিলাম, এই শিরশ্ছেদ ব্যাপার প্রকৃত প্রস্তাবে "কর্ম" নহে। ঐ ঐ ব্যাপারের व्यक्षांन कतिया व्यामात कारत्य ए मः सारतत उर्भे उर्गे रहेन, जाराहे কর্ম। আমি কর্কশ বচন দ্বারা কোন ব্যক্তিকে ব্যথিত করিলাম, এই বাথিত-করণ ব্যাপারও কর্ম নহে। ঐ ব্যাপার-জনিত সংস্কারই কর্ম। আমি কাহারও অনিষ্ট করিবার অভিলাষ করিলাম, এই অভি-লাষকরণও কর্মা নছে। ঐ ব্যাপার হইতে সমুৎপন্ন সংস্থারই কর্মা। এই সকল উদাহরণ দ্বারা আমরা দেখিতে পাইলাম, "সংস্কার" ও "কর্মা" একট পদার্থ। এই সংস্কার বা কর্ম্মের পরিণামই "আমি" বা "অহং।

যেমন অগ্নির দাহিকা অভি কাহারও বিনষ্ট করিবার ক্ষমতা নাই, যতক্ষণ অগ্নি থাকিবে, ততক্ষণ উহার দাহিকা শক্তি থাকিবে,• সেইরূপ কর্ম্মের ফল কাহারও প্রতিরুদ্ধ করিবার ক্ষমতা নাই। বর্ত্তমান মুছ্-র্ত্তের কর্ম্ম পর মুহুর্ত্তে ফল প্রসব করিবে, পর মুহুর্ত্তের কর্ম্ম তৎপরবর্ত্তী মুহুর্ত্তে ফল প্রসব করিবে। এই কর্ম্ম-প্রবাহ দ্বারা আমরা নিয়ত পরি-চালিত হইতেছি। আমাদের স্থু, তুঃখ, উন্নতি, অধোনতি এই কর্ম্মের উপরই নির্ভর করিতেছে। এই কর্ম্ম সমূহের মধ্যে কার্য্য-কারণ সম্বন্ধ বিজ্ঞমান আছে। আমি বর্ত্তমান মুহুর্ত্তে যে হুঃথ অমুভব করিতেছি, উহা আমার পূর্ব্ব মুহুর্ত্তের কর্মের পরিণাম, অতএব ছঃথ ও কর্ম পরমা-র্থত: একই পদার্থ, বিশেষ এই—কর্ম্মটী কারণও হুঃথ কার্যা। আবার কার্য্য ও কারণের মধ্যেও কোন প্রভেদ নাই, বর্ত্তমান মুহুর্ত্তে যাহা কারণ বলিয়া পরিগণিত হইতেছে, পর মুহুর্ত্তে উহাই কার্য্য বলিয়া পরিগণিত হইবে। এবং বর্ত্তমান মুহুর্ত্তে যাহা কার্য্য, তাহাই পূর্ব্ব মুহুর্ত্তে কারণ, এই আখ্যা লাভ করিয়াছিল। এইরূপে পর্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায়, "কর্ম্ম," "সংস্কার," "সভাব," "কার্য্য-কারণ-ভাব," "পদার্থ," ইত্যাদি সমস্তই পরম্পর অভিন। "ধর্ম" শব্দের অর্থ "কর্ণ্ম"ই হউক, "দংস্কার"ই হউক, "স্বভাব"ই হউক আর "পদার্থ"ই হউক, উহা "কার্য্যকারণ-ভাব" মাত্র। যেহেতু ধর্ম বা কর্ম্মের প্রভাব কেহই পরিহার করিতে পারেন না। অতএব ধর্ম কি, তাহা পরিজ্ঞাত হওয়া সকলেরই কর্ত্তব্য। এই পদার্থ বোঝাইবার জন্মই বোধিসত্ত্ব "ধম্মপদ" গ্রন্থের অবতারণা করিয়াছিলেন। ধম্মপদ গ্রান্থের প্রথম অধ্যায়েই লিখিত আছে, বলীবর্দ যেমন নিয়ত শকট-চক্রের অমুধাবন করে, সেইরূপে কর্মসমূহও জীবের সতত অমুসরণ করিয়া থাকে।

গ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর প্রারম্ভে বুদ্ধঘোষ পালিভাষায় ধন্মপদের

টাকা বিরচন করেন। তিনি প্রত্যেক শ্লোকের ব্যাখ্যার সঙ্গে সঙ্গে এক একটা উপাখ্যান উল্লিখিত করিয়াছেন। কথিত আছে, স্বরং বৃদ্ধদেব ঐ সকল উপাখ্যান তাঁহার শিষ্যগণের নিকট বর্ণন করিয়াছিলেন। বৌদ্ধগণ বলিয়া থাকেন, বৃদ্ধের নির্বাণের অব্যবহিত পরে, রাজগৃহ নগরে প্রথম বোধিসঙ্গম কালে ধন্মপদগ্রন্থ বিরচিত হইয়াছিল। খ্রীষ্টীয় ৫ম শতাব্দীর প্রারম্ভে বৃদ্ধঘোষের আবির্ভাব হয়। তিনি ধন্মপদের টীকা লিখিতে যাইয়া বলিয়াছেন, ধন্মপদগ্রন্থে যাহা আছে, উহা সমস্তই বৃদ্ধের উক্তি। প্রথম বোধিসঙ্গমকালে ঐ সমস্ত উক্তি গ্রন্থাকারে সংগৃহীত হইয়াছিল।

অধ্যাপক মোক্ষমূলর বলেন, বুদ্ধষোষ স্থীয় টীকায় ধন্মপদের মূল শ্লোক সমূহের বহু পাঠান্তর উল্লিখিত করিয়াছেন। যে সকল হস্ত-লিখিত পুস্তক হইতে এ পাঠান্তর সমূহ উদ্ধৃত হইয়াছিল এ সকল পুস্তকের প্রতিলিপি বত্তগামনির রাজত্বকালে খ্রীষ্টপূর্ব্ব ৮৮—৭৬ অবেদ প্রস্তুত হয়।

গ্রীষ্টীয় ৪১০—৪৩২ অবদ মহানাম নামক পণ্ডিত "মহাবংস" নামে সিংহলের এক ইতিহাস রচনা করেন। প্রথম ৩৭ অধ্যায় মহানামের রচিত। এই ৩৭ অধ্যায়ে বর্ণিত আছে, বুদ্ধঘোষ মগধ হইতে সিংহ-লের অন্তর্গত অনুরাধপুর নগরে গমন করেন এবং সিংহলীয় অথকথা (অর্থ-কথা) পালিভাষায় অনুবাদিত করেন।

"মহাবংস"গ্রন্থে বৃদ্ধঘোষের জীবনচরিত সংক্ষেপে বর্ণিত আছে।
নগধের বোধিক্রম সমীপে এক ব্রাহ্মণ যুবক বাস করিতেন। তিনি
সমগ্র বিভায় ও সমগ্র কলায় স্থানিপুণ ছিলেন ও বেদত্তায় সম্পূর্ণরূপে
আয়ন্ত করিয়াছিলেন। তিনি একদা রেবত নামক একজন বৌদ্ধ
ভিক্ষ্র সহিত তর্কে প্রবৃত্ত হন, এবং পরাজিত হইয়া বিজেতার ধর্ম
গ্রহণ করেন। উক্ত ব্রাহ্মণের স্বর বৃদ্ধদেবের ভায়ে ওজস্বী ও স্থমধুর

্ছিল বলিয়া বৌদ্ধগণ তাঁহাকে বুদ্ধঘোষ, এই উপনাম প্রদান করেন। বৌদ্ধর্মে দীক্ষিত হওয়ার পর তিনি বুদ্ধঘোষ নামেই প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। দীক্ষা গ্রহণানস্তর বৃদ্ধবোষ "জ্ঞানোদয়" নামে এক-থানি বৌদ্ধগ্রন্থ প্রণয়ন করেন। অনস্তর তিনি ত্রিপিটকের টীকা বিরচন করিবার মানস করেন। এই সময়ে রেবত ভিক্ষু তাঁহাকে বলিলেন, "জমুদ্বীপে ত্রিপিটকের মূলগ্রন্থ মাত্র বিভাষান আছে, কিন্তু উহার ব্যাখ্যা এদেশে বর্ত্তমান নাই। স্থবিজ্ঞ মহেন্দ্র -খৃষ্ঠপূর্ব্ব ২৪১ অব্দে সিংহলী ভাষায় ত্রিপিটকের যে ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন, উহা অবলম্বন করিয়া পালিভাষায় ত্রিপিটকের টীকা বিরচন কর। ইহাতে জগতের প্রকৃত মঙ্গল সাধিত হইবে।" রেবত ভিক্ষুর পরামর্শানুসারে বুদ্ধঘোষ সিংহল যাতা করেন। এই সমশ্বে (৪১০ — ৪৩২ খৃঃ অব্দ পর্যাস্ত) মহানাম সিংহলের রাজা ছিলেন। বুদ্ধঘোষ সিংহলের অনুরাধপুর নগরস্থিত মহাবিহারে উপস্থিত হইয়া স্থবির সংঘ-পালের নিকট ত্রিপিটকের সিংহলী কাখ্যা শ্রবণ করেন। তদনস্তর তিনি পালিভাষায় বিস্তুদ্ধিমগ্গো (বিশুদ্ধিমার্গ) নামক একথানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করেন। সিংহলবাসিগণ তাঁহার অসাধারণ বিভাবভায় সম্ভুষ্ট হইয়া তাঁহাকে অত্থকণা (অর্থকণা) নামক পুস্তক প্রদান করেন। এই অথকথাই ত্রিপিটকৈর পালি ব্যাথা। বৃদ্ধঘোষ এই অথকথা পালি-ভাষায় অনুবাদিত করিয়া জমুদ্বীপে ত্রিপিটকের যথার্থ ব্যাখ্যা প্রচার करतन। वृक्तराघ निःश्ल श्रेरा रा ममन्य वीक्ष श्राह्म के कार्यन, বন্ধ বা তৈলঙ্গী অক্ষরে ঐ সকল গ্রন্থের প্রতিলিপি প্রস্তুত হয়। এইরূপে ক্রমে ব্রহ্মদেশে বৌদ্ধর্মের প্রচার বৃদ্ধি হয়।

১৮৫৫ খৃঃ অব্দে ডেনমার্কবাসী স্থপ্রসিদ্ধ ডাজ্ঞার ফজ্বোল্ ধম্মপদের এক অত্যুৎকৃষ্ঠ সংস্করণ প্রকাশ করেন। ঐ সমশ্বে তিনি উক্ত গ্রন্থ লাটীন ভাষায় অনুবাদিত করিয়া ইউরোপীয় পণ্ডিতমণ্ডলীর চিত্ত আকর্ষণ

তদনম্বর বার্ণ্ফ, গগালি, উফম, ওয়েবার, প্রভৃতি পণ্ডিতগণ ধন্মপদঞ্জ ফরাসী, ইংরেজী ইত্যাদি ভাষায় অনুবাদিত করিয়া উহার প্রচারবৃদ্ধি করেন। ১৮৭৯ খৃঃ অব্দে অধ্যাপক মোক্ষমূলর ধম্মপদ গ্রন্থ ইংরেজী ভাষায় অমুবাদিত করিয়া প্রাচ্য ধর্মগ্রন্থভোণী মধ্যে প্রকাশিত ১৮৭১ খৃঃ অন্দে লণ্ডন রয়েল্এসিয়াটিক সোসাইটীর জার্ণালে অধ্যাপক চাইলডার্স মহোদয় ধন্মপদ সম্বন্ধে নানা গবেষণাপূর্ণ একটী স্থদীর্ঘ প্রবন্ধ প্রকাশিত করেন। ১৮৭১ খৃঃ অব্দে ডাক্তার জেমস্ আল্ উইদ্ সিংহলী জার্ণালে ধম্মপদের এক স্থবিস্থৃত সমালোচনা প্রকাশ করেন। ১৮৭৮ খৃঃ অন্দে ফার্ণন্দ হুধন্মপদ গ্রন্থ ফরাসী ভাষায় অন্ধ-বাদিত করেন। ডাক্তার রিজ ডেভিড্স্ ও ধন্মপদের অনেক অংশ ভাষাস্তরিত করেন। ১৮৭৮ খৃঃ অব্দে রেভারেও বীল্ চীন ভাষায় অহ-বাদিত ধম্মপদ গ্রন্থের ইংরেজী ভাষায় অমুবাদ করেন। এই সময়ে স্প্রসিদ্ধ সীফনার তিকতীয় ভাষায় অমুবাদিত ধন্মপদ গ্রন্থের জার্নান্ অহুবাদ প্রকাশ করেন। বীল্বলেন, চীন ভাষায় ধ্রাপদ গ্রন্থের চারি খানি অনুবাদ প্রাপ্ত হওয়া যায়। এক খানি খৃষ্ঠীয় ভৃতীয় শতাব্দীর প্রারম্ভে, দ্বিতীয় থানি ২২৩ খৃঃ অন্দে, তৃতীয় থানি ৪১০ খৃঃ অন্দে ও চতুর্থ থানি ৮ম শতাব্দীতে প্রস্তুত হইয়াছিল। চাইনিজ্ অনুবাদের ভূমিকায় লিখিত আছে আর্যাধর্মতাত নামক পণ্ডিত ভারতবর্ষ হইতে ধশ্মপদ গ্রন্থ চীনপ্রদেশে লইয়া গিয়াছিলেন। ধর্মাত্রাত বস্থমিত্রের পিতৃব্য। বস্থমিত্র কনিক্ষের সম্পাম্যারক অতএব খৃঃ পুঃ ১ম শতাব্দীর লোক। ১৮৯৮ খৃঃ অব্দে ধশ্মপদ গ্রন্থের মূল ও বুদ্ধঘোষের ঢীকা কলিকাতা বুদ্ধিষ্ট টেক্স্ট সোসাইটী কর্তৃক প্রকাশিত হয়। আজ কাল চতুর্দিকে প্রাচ্য-ভাষা পমূহের যেরূপ অমুশীলন হইতেছে, তাহাতে আমরা আশা করি চারুণাবু কৃত ধন্মপদের নৃতন সংস্করণ থানি পণ্ডিত সমাজে বিশেষরূপে আদৃত হইবে ও পালিভাষা শিক্ষার পথ উন্মৃক্ত করিবে। এরপ মহামূল্য গ্রন্থ সর্বাধারণের উপযোগী হইয়া প্রকাশিত হল, ইহা বড়ই আনন্দের কথা।

প্রেসিডেন্সী কলেজ,
কলিকাতা।
ত—8—08।

ক্রিডিন্সি কলেজ,
ত্রিসাভূষণ।
ত্রিভাভূষণ।

দ্বিতীয় সংস্করণ।

ধন্মপদ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। ইহাতে স্থানে বিঞ্চিৎ পরিবর্ত্তন ও পরিবর্ত্তন করা হইয়াছে। প্রথম সংস্করণের প্রতি সাধারণে যেরূপ আগ্রহ ও সহাত্ত্তি প্রদর্শন করিয়া-ছিলেন আশা করি এই সংস্করণের প্রতি ও তাঁহারা সেইরূপ সামুকম্প দৃষ্টিপাত করিবেন।

সংবাদ পত্র ও মাসিক পত্রের সম্পাদকেগণ স্বস্থ পত্রিকায় এই গ্রন্থের সমালোচনা প্রকাশ করিয়া গ্রন্থকারকে ক্রতজ্ঞতা পাশে বদ্ধ করিয়া-ছেন। আবার কেহ কেহ অনুগ্রহ করিয়া বিষয়বিশেষের প্রতি তাহার দৃষ্টিও আকর্ষণ করিয়াছেন। সমালোচনা গুলি ইদানীং আমাদের সমক্ষে উপস্থিত না থাকায় সর্ব্বত সম্পাদকগণের প্রদন্ত উপদেশ অনুসারে কার্য্য করিতে পারিলাম না।

আমার মনে পড়ে প্রবাসীর সম্পাদক মহাশয় লিথিয়াছিলেন বর্ত্তমান ধম্মপদ গ্রন্থ অসম্পূর্ণ, ইহাতে কেবল ২৬টী 'বর্গ' বা অধ্যায় মাছে, মূল ধম্মপদে ৩৯টী অধ্যায় ছিল; বর্ত্তমান ধম্মপদের শ্লোক সংখ্যা ৪২৩, মূল ধম্মপদে ৭৫২ শ্লোক ছিল। অতএব তাঁহার মতে আমাদের অপর ১৩টী অধ্যায় ও ৩২৯টী শ্লোক, অমুসন্ধান করা উচিত। ইহার উত্তরে আমার বক্তব্য এই, বর্ত্তমান ধম্মপদ গ্রন্থ অর্থ সম্পুনহে, মূল ধন্মপদে সক্ষণ্ডদ্ধ ২৬ অধ্যায় এবং ৪২০ শ্রোক ছিল। বুদ্ধবোষেব "অংথ কথা" বা পালি টীকা পাঠ কবিলে ইহা স্পষ্টই বুঝিতে পানা যায়। বুদ্ধবোষ লিখিয়াছেনং—

যমকং অপ্নদণ চিত্তং পুপ্ফং বালেন পণ্ডিতং।
অবহস্তং সহস্সেন পাপং দণ্ডেন তে দশ॥
জবা অতা চ লোকো চ বৃদ্ধং স্থাং পিযেন চ।
কোধং মলঞ্চ ধম্মট্ঠং মগ্গ বগ্গেন বীসতি॥
পকিশ্বং নিবয়ং নাগে। তণ্হং ভিক্থু চ ব্রাহ্মণো।
এতে ছববীসতী বগ্গা দেসিতাদিচ্চবন্ধ্না॥

যমক, অপ্নাদ, চিত্ত, পুপ্ফ, বাল, পণ্ডিত, অবহস্ত, সহস্স, পাপ, দণ্ড, জরা, অতা, লোক, বৃদ্ধ, স্থ্য, পিয়, কোধ, মল, ধমাট্ঠ, মগ্গ, পকিগ্ন, নির্য, নাগ, তণ্হা, ভিক্থু ও ব্রাহ্মণ—বৃদ্ধদেব সর্বশুদ্ধ এই ছাবিবশটী অধ্যাষ শিক্ষা দিয়াছিলেন।

বুদ্ধঘোষ আরও লিথিযাছেন :---

গাথাসতানি চত্তাবি তেবীসা চ পুনাপরে। ধশ্মপদে নিপাতম্হি দেষিতাদিচ্চবন্ধুনা॥

ধন্মপদেব সমস্ত অধ্যায়ে সর্বভিদ্ধ ৪২৩টী গাথা (শ্লোক) বৃদ্ধদেব প্রচার করিয়াছিলেন।

উল্লিখিত বচনে আমরা দেখিতে পাইলাম পালি ধন্মপদে সর্বাশুদ্ধ ২৬ অধ্যায় ও ৪২৩ শ্লোক বিদামান ছিল। ইহা বোধ হয় কাহাবও অবিদিত নাই যে, সিংহল, চীন, তিবকত প্রভৃতি দেশে যে সকল ধন্মপদ বিদামান আছে তন্মধ্যে পালিভাষার ধন্মপদই সর্বাপ্রাচীন ও মৌলিক গ্রন্থ।

. প্রবাসীসম্পাদক মহাশ্য বোধ হয় রেভারেও বীল মহোদয়ের অমুবাদিত চীনভাষার ধত্মপদ গ্রন্থ দেথিয়া স্বীয় মস্তব্য প্রকাশ করিয়া- ছেন। চীন ভাষার ধন্মপদ গ্রন্থের চারিথানি অপুবাদ বিদ্যমান আছে।

২২৪ খৃ: অন্দে বিন্ন ও লুঁহ-যেন নামক পণ্ডিত দ্বর চীন ভাষার ধন্দ-পদের প্রথম অমুবাদ প্রকাশিত করেন। এই অমুবাদ গ্রন্থে সর্বশুদ্ধ ১৯টী অধ্যার ও ৭৫২টী শ্লোক বিদ্যমান আছে। ২০৯-৩০৬ খৃ: অন্দে কা-চুও কা-লি নামক হুই জন শ্রমণ ধন্মপদের দ্বিতীয় অমুবাদ প্রকাশিত করেন। ইহাতেও ৩৯টী অধ্যার বিদ্যমান আছে। ৩৯৮—৩৯৯ খৃ: অন্দে চু-কো-নিয়েন কর্ত্ক ধন্মপদের তৃতীয় অমুবাদ প্রকাশিত হয়। ইহাতে ৩৩টী অধ্যার বিদ্যমান আছে। ৯৮০-১০০১ খৃ: অন্দেশিন-সি চুাই নামক শ্রমণ ধন্মপদের শেষ অমুবাদ প্রকাশিত করেন।
ইহাতেও সর্বশুদ্ধ ৩৩টী অধ্যার দেখিতে পাওরা যার।

প্রথম চাইনিজ অন্থবাদের ভূমিকায় লিখিত আছে মূল ধন্মপদে ২৬ অধ্যায় ও ৪২৩ শ্লোক বিদ্যমান ছিল। এক্ষণে জিজ্ঞাস্ত হইতে পারে চীন অমুবাদে ১৩টী অতিরিক্ত অধ্যায় ও ৩২৯টী অতিরিক্ত শ্লোক কোথা হইতে আসিল? চীন অনুবাদের ভূমিকা মনোযোগ পূর্বক পাঠ করিলে দেখিতে পাওয়া যায়, যে সময়ে ধশ্মপদ গ্রন্থ অনু-বাদিত হয় সেই সময়ে অন্তবাদকারী শ্রমণগণ নানা বৌদ্ধ গ্রন্থ হইতে উপদেশপূর্ণ শ্লোক সংগ্রহ করিয়া ধন্মপদের সহঞ অতি-রিক্ত শ্লোকগুলি সংযুক্ত করিয়া দেন। অতএব এই অতিরিক্ত শ্লোকগুলি না থাকায় পালি ধন্মপদ অসম্পূর্ণতা দোষে দৃষিত হয় নাই। চীন ভাষার ভূমিকায় ইহাও লিখিত আছে যে ধর্মজ্ঞাত নামক পণ্ডিত ধন্মপদ গ্রন্থ সংস্কৃত ভাষায় সঙ্কলন করেন। ধর্মজাত বস্থ মিত্রের পিতৃব্য, রাজা কনিক্ষের সময়ে যে চতুর্থ বোধি-সভার প্রতিষ্ঠা হয়, বস্থমিত সেই সভার অধিনায়ক ছিলেন। ধর্মজাতের সঙ্গলিত ধন্মপদ গ্রন্থ এই সভায় পঠিত ও মৌলিক মহাষান ধর্মগ্রন্থ विषया পরিগণিত হয়। আমার বোধ হয় মূল পালি ধন্মপদই

ধর্মতাত সংস্কৃতে রূপান্তরিত করিয়াছিলেন। এই রূপান্তরকরণের সময়ে তিনি বোধ হয় কতিপয় শ্লোক ও অধ্যায় যোগ করিয়াছিলেন। যদি এই মত যথার্থ হয় তাহা হইলে আমরা বলিতে পারি খৃঃ পুঃ ৪৪ অন্দে রাজা কনিক্ষের সময়ে মূল পালি ধম্মপদে ১৩টী অধ্যায় ও ৩২৯টী শ্লোক यांग कता रहेमाहिल। अग्रथा हेश श्रीकांत कतिए रहेरत ए। शृष्टीम এর শতাব্দীতে ভারতে ও চীনের শ্রমণগণ মূল ধ্মপদ চীন ভাষায় অস্থবাদিত করিতে যাইয়া উল্লিখিত অতিরিক্ত শ্লোক ও অধ্যায় करप्रकृषी स्था कतियाहित्वन। य ममस्यू छैश युक्त इष्ठक ना কেন মূল ধশ্মপদে ঐ সকল অতিরিক্ত শ্লোক ও অধ্যায় ছিল, না ইহা মুক্তকণ্ঠে স্বীকার করিতে হইবে। প্রথম সংস্করণের ভূমিকায় উক্ত হইয়াছে মূল ধন্মপদ রাজা অশোকের পূর্বে এমন ফি খৃঃ পূঃ ৬ঠ শতাব্দীতে প্রথম বোধি সঙ্গম কালে বিদ্যমান ছিল। ঐ সময়ে বৌদ্ধ এছে সংস্কৃত ভাষা ব্যবহৃত হইত না। রাজা কনিষ্ট বৌদ্ধগ্রন্থে সংস্কৃত ভাষার বহুল প্রচার করেন। অতএব তাঁহার সময়ে ধর্মতাত মূল পালি ধন্মপদ সংস্কৃতে রূপান্তরিত করিয়া কতিপয় শ্লোক যোগ করিয়াছিলেন-এমত অসঙ্গত নহে। এই সংস্কৃত ধশ্বপদই চীনভাষায় अञ्चािष्ठ श्रेषािष्ट्र ।

বঙ্গদর্শনের স্থযোগ্য সম্পাদক মহাশয় লিথিয়াছেন — মূলের যে সকল কথার অর্থ স্থম্পন্ত নহে, অনুবাদে তাহা যথায়থ রাখিয়া দেওয়াই কর্ত্তব্য। উদাহরণ স্বরূপে তিনি স্বয়ং প্রথম শ্লোকের এইরূপ মসুবাদ করিয়াছেন :—

"ধর্মসমূহ মন:পূর্কাঙ্গম, মনঃশ্রেষ্ঠ, মনোময়"।

এস্থলে বক্তব্য এই ,সংস্কৃত ভাষাভিজ্ঞ পণ্ডিতের নিকট উল্লিখিত আক্ষরিক অমুবাদ কোন কোন প্রয়োজনে আসিতে পারে, কিন্তু সাধারণ পাঠক ঐ অমুবাদ পাঠ করিয়া কোন অর্থই গ্রহণ করিতে পারেন না। এই হেতু সাধারণ পাঠকের প্রতি লক্ষ্য করিয়া অমুবাদ স্থানে স্থানে ব্যাখ্যার আকারে প্রকাশিত করা হইয়াছে। .

সম্পাদক মহাশয় আরও লিখিয়াছেনঃ—"মনই ধর্মসমূহের মধ্যে শ্রেষ্ঠ" বলিলে ভাল অর্থগ্রহ হয় না।

ইহার উত্তরে বক্তব্য এই, জটিল দার্শনিক বিষয় ইহার অপেকা অধিকতর সহজ ভাষায় প্রকাশ করা কঠিন। উল্লিখিত বাক্যের তাৎপর্য্য এই যে সংসারে যত ধর্ম (বা পদার্থ) আছে তাহার মধ্যে মন নামক ধর্ম (বা পদার্থ)ই শ্রেষ্ঠ। মনের সংযোগ ব্যতীত কোন ধর্ম (পদার্থ)ই আমাদের জ্ঞানের বিষয়ীভূত হয় না, অতএব মনই পদার্থ সমূহের নেতা। বৃদ্ধিষাধ লিখিয়াছেন:—

ন হি তে মনে অমুপ্পজ্জন্তে উপ্পজ্জিতুং সক্ষোন্তি, মনো পন একচ্চেম্ব চেতসিকেম্ব অমুপ্পজ্জন্তেম্ব পি উপ্পজ্জতি যেব। অধিপতিবসেন পন মনো সেট্ঠো এতেসন্তি মনো সেট্ঠা; যথা হি চোরাদীনং চোর জেট্ঠকাদয়ো অধিপতিনো সেট্ঠা তথা তেসম্পি মনো সেট্ঠো।

বৃদ্ধঘোষের টীকার তাৎপর্য্য এই মনের সহকারিতা ব্যতীত কোন পদার্থই প্রকাশিত হয় না, কিন্তু মন স্বপ্রকাশ, অত্তর্রব পদার্থ সমূহের মধ্যে মন শ্রেষ্ঠ। ইহাতে ত অর্থগ্রহের কোন প্রতিবন্ধক দেখিতেছি না। ধর্ম শব্দের অর্থের কিছু বিশেষত্ব আছে মাত্র। তাহা এই বর্ত্তমান সংস্করণের প্রথম শ্লোকের ফুট নোটে প্রদর্শিত হইয়াছে।

স্বিজ্ঞ বান্ধব-পত্তিকার সম্পাদক মহাশয় বৌদ্ধ নীতির ভ্রসী প্রশংসা করিয়াছেন বটে, কিন্তু বৌদ্ধ দর্শনের "শুদ্ধ শুন্ধবাদে" তাঁহার ঘোর অনাস্থা দৃষ্ঠ হয়। প্রকৃত প্রস্তাবে শৃন্থবাদ এরূপ অনাস্থার বিষয় নহে। শৃন্থবাদ "শুদ্ধ" বটে কিন্তু ইহা "শুদ্ধ" নহে। "শৃন্থ" এই নাম প্রবণ করিলে বৌদ্ধগণের হৃদয়ে এক অনির্বাচনীয় রসের সঞ্চার হয়। কোটি কোটি মানব এখনও শৃন্থের অমুসদ্ধানে সমগ্র জীবন

উৎসর্গ করিয়া থাকেন। শূক্তবাদ দর্শন শাস্ত্রের শিরোরত্ন। এ পর্য্যন্ত দার্শনিক-চিন্তা শৃত্যের অপেক্ষা কোন অধিকতার উচ্চ শিখরে অধি-রোহণ করিতে সমর্থ হয় নাই। শৃত্য মানব চিন্তার সর্কোচ্চ বিশ্রাম স্থান। প্রচ্যে ও পাশ্চাত্য জনপদে দার্শনিকগণ অনেক উচ্চ বস্তুর কল্পনা করিয়াছেন বটে, কিন্তু সকল বস্তুতেই কোন না কোন কল্স আছে। দৰ্বত্ৰই স্বাধীন চিন্তার প্ৰতিবন্ধক আছে, কেবল শূন্তই সর্বতোভাবে নিম্নন্ধ পদার্থ, এথানে স্বাধীন চিন্তার অব্যাহত প্রসার। শৃত্যদাক্ষাংকারই জীবের পরমপুরুষার্থ। শৃত্তই যোগীর পরম ধ্যেয় পদার্থ। শূতা প্রত্যক্ষ হইলে যুম্মদ্ ও অম্মদের ভেদ তিরোহিত, হইবে। স্থ ও চঃথ উভয়ই বিলয় প্রাপ্ত হুইবে।" হুস্ব ও দীর্ঘ অভিন্ন বলিয়া প্রতীয়মান হইবে। এথানে "অস্তি"ও নাই, "নাস্তি"ও নাই। এথানে "হাস্তি" "নাস্তি" র সমন্বয়। এথানে উৎপত্তি ও বিনাশ, ক্ষণিক্য ও নিতায়, এক্য ও নানায়, আগমন ও নির্গমন এই সকল আপতিবিক্তন ধন্ম পরস্পারের সহ বিরোধ ত্যাগ করিয়া অবস্থিত আছে। এখানে ভাব ও অভাবের ममन्त्र. এशारन উৎপত্তি ও বিনাশের সামঞ্জন্তা, এখানে ক্ষণিকত্বের সহ নিত্যবের বিরোধ নাই, এথানে এক ম ও নানামের মিলন, এথানে আগমন ও নির্গমন ক্রিয়া একই ভাবে নিষ্পধ হয়। এই পদার্থটী বাস্তবিক পক্ষে অবাচ্য, অনিদৰ্শন, অপ্রতিষ্ঠি, অনাভাস, অনিকেত ও অবিজ্ঞপ্তিক। বুদ্ধদেব এই পদার্থের বর্ণনা করিতে অসমর্থ হইয়া বলিয়াছেন -"অনক্ষরস্থ ধ্যুস্ত শ্রুতিঃ কা দেশনা চ কা ?" আর বেদ যে পদা-র্থের সম্বন্ধে বলিয়াছেন "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" সেই পদার্থ শৃত্য ভিন্ন আরে কিছুই নহে। বৃদ্ধ তথাগত প্রিয় শিষ্য স্তৃতিকে বলিয়াছেন—"গন্তীর মিতি স্তৃতে শৃত্যতায়া এতদধিবচনম্," হে স্ভূতে "গম্ভীর" এইটা শৃ্ন্সতার নাম; "শূন্সতায়া এতদধিবচনং

যদপ্রমেয়মিতি" শৃশ্বতাব এই নাম যথা অপ্রমেয়, "দে চ স্ব'ভূতে শূসা অক্ষয়া অপি তে," হে স্বভতে অক্ষয় ও শৃশ্ব একই পদার্থী তথাগত আবও বলিয়াছেন—

শূভামাধ্যাত্মিক পশু পশু শৃভাং বহির্গতম্।
ন বিহাতে সোহপি কিন্দি যো ভাবয়তি শৃভাত যে।
আধ্যাত্মিক জগৎ শৃভা বলিয়া দেখ, বাহা জগৎ শৃভা বলিয়া দেখ, যিনি
শৃভাতা ভাবনা করিবেন তিনি নিজকেও শৃভা বলিয়া ভাবিবেন ।

বা ধিচর্য্যাবতার গ্রন্থে শান্তিদেব বলিয়াছেন "তত্মামির্বিচিকিৎ-সেন ভাবনীয়ৈর শৃহ্যতা" অভএব নিঃসন্দেহ চিত্তে শৃহ্য ভাবনা করিবে। "শৃহ্যতা তঃথশমনী ততঃ কিং জাষতে ভরম্" শূন্যতাই সকল তঃথেব প্রমোচিকা, শৃহ্যতাজ্ঞান হইলে আর কিসেব ভয় ?

ধন্মপদ গ্রন্থের সহ শূন্যবাদেব বিশেষ সম্বন্ধ না থাকায় এই বিষয় সম্বন্ধে এম্বলে অধিক কিছু লিখিত হইল না।

প্রেসিডেন্সী কলেজ, ` কলিকাতা। ৭—৬—০৫

শ্রীসতীশচন্দ্র আচার্যু বিদ্যাভূষণ।

मम्भामदकत्र निद्यम्म।

প্রথম সংস্কবণ।

ধশ্বপদ গ্রন্থথানি হত্ত পিটকেব অন্তর্গত, ইহা একথানি অতি প্রাচীন ও বিথ্যাত বৌদ্ধ ধশ্ব গ্রন্থ। সিংহল, ব্রহ্ম, শ্রাম, চীন, জাপান ও তিববং দেশে ভক্তির সহিত এই গ্রন্থ পঠিত হয়। বৌদ্ধদিগের এরূপ প্রিয় গ্রন্থ আর নাই। হিন্দুদিগের নিকট শ্রীমন্থগবাদ্দীতা যেমন, খৃষ্টীয়ানদিগের নিকট বাইবেল গ্রন্থ যেমন, বৌদ্ধদিগের নিকট ধশ্মপদ গ্রন্থ সেইবাপ। নীতিব উৎকর্ষ সম্বন্ধে এরূপ পুস্তক জগতে বিরল;

বৌদ্ধর্ম নীতিপ্রধান ধর্ম। এই পুস্তকে সেই নীতি মূলক ধর্মেরই শ্রেষ্ঠতা প্রতিপন্ন করা হইয়াছে। ইহার উপদেশগুলি সহজ, সরল ও সদয়স্পর্শী, ইহার মধ্যে দর্শনের জটিলতা বা ভাবের অস্পষ্টতা নাই। এই পুস্তকে গ্রথিত উপদেশ গুলি, সকল সম্প্রদায়ের উপযোগী।

বুদ্ধদেবের মৃত্যুর অব্যবহিত পরে, প্রাচীন রাজগৃহের নিকটবত্তী সপ্তপর্ণী গুহায় খৃঃ পুঃ ৪৭৭ শতাব্দীতে যে বৌদ্ধ মহাসমিতির অধিবেশন হয় তাহাতে বৌদ্ধ ত্রিপিটক গ্রন্থ প্রথম সংগৃহীত হয় ও ইহার একশত বৎসর পরে খৃঃ পুঃ ৩৭৭ শতাব্দীতে বৈশালী নগরীতে দিতীয় বৌদ মহাসভায়, উহা পরিবর্দ্ধিত হইয়া বর্ত্তমান আকারে পরিণত হয়। ধম্মপদ গ্রন্থ সেই ত্রিপিটকেরই একটী উৎকৃষ্ট অংশ। বৌদ্ধর্মের সারমর্ম সংক্ষেপে বুঝাইবার নিমিত্ত এই পুস্তকথানি সঙ্কলিত হইয়াছিল। ইহার প্রত্যেক শ্লোক বৃদ্ধদেবের মুখ নিঃস্ত বাক্য। ভিন্ন ভিন্ন সময়ে শ্রোভূবর্গকে উপদেশচ্ছলে বুদ্ধদেব গল বলিতেন ও সেই গল্পের সার্মশ্বস্থাপ ধশ্বপদের একটী শ্লোক উচ্চারণ করিতেন। ধশ্মপদ গ্রন্থথানি ষড়বিংশ অধ্যায়ে বিভক্ত। এক সময়ে নালন, বিক্রমশিলা ও ওদস্তপুরীর ভিক্সুসভ্য মধ্যে, বা নানা স্থানের পর্বত কন্দরে, সংসার বিরাগী ভিক্সু সম্প্রদায় সমস্বরে এই ধন্মপদ গাথা আবুত্তি করিতেন। এখন পর্যান্ত সিংহল হইতে স্লুদুর জাপান পর্যান্ত বৌদ্ধমাত্রেই ভক্তির সহিত এই গ্রন্থের নাম উচ্চারণ করিয়া থাকেন। ছম্ম বংসর পূর্কো পালি ভাষা অধ্যয়ন করিতে করিতে এই পুস্তকথানির ন্মনোহারিত্ব দর্শনে মুগ্ধ হই ; তথনই এই পুস্তক থানি বঙ্গ ভাষায় অনুবাদ করিবার নিমিত্ত বাসনা হয়। কিন্তু নানা কার্য্যে বাপৃত থাকায় এত দিন অমুবাদ সম্পূর্ণ করিবার স্থযোগ হয় নাই। প্রায় হুই বৎসর হইতে সাহিত্য সংহিতা পত্ৰিকায় থণ্ড থণ্ড ভাবে এই পুস্তক থানি প্রকাশিত হইয়াছে ও দ্বাবিংশ অধ্যায় পর্যান্ত ছাপা সম্পূর্ণ হইয়াছে।

সাহিত্য সংহিতায় এই,পুস্তক থানি প্রকাশের সময়, অনেকের নিকট হুইতে উৎসাহ সূচক পত্রাদি প্রাপ্ত হই ; অনেকেই অনতিবিব্বম্বে পুস্তক থানি স্বতন্ত্র ভাবে প্রকাশ করিবার জন্ত অমুরোধ করেন। সমগ্র বৌদ্ধ গ্রন্থের মধ্য হইতে ধত্মপদ গ্রন্থ খানি প্রকাশের জন্ম মনোনয়ন করিবার দ্বিতীয় কারণ এই যে, পালি ভাষা শিক্ষা করিবার পক্ষে এরূপ উপযোগী গ্রন্থ আর নাই, ইহার ভাষা সহজ ও সরল। ভাষার সরলতায় ও ভাবের মনোহারিত্বে এরূপ পুস্তক জগতে বিরল। কয়েক বৎসর পুর্কে ডেনমার্ক দেশীয় স্থপ্রসিদ্ধ পণ্ডিত ফজ্বোল সাহেব ধন্মপদের যে লাটিন সংস্করণ বাহির করিয়াছেন এ পুস্তকে অনেক স্থলে তাহারই পাঠ গ্রহণ করা গিয়াছে; পরস্তু সেই পাঠের সহিত সিংহল ও ব্রহ্ম দেশীয় এবং শ্রাম দেশ হইতে প্রকাশিত ত্রিপিটকের যে বিশুদ্ধ রাজ সংস্করণ প্রকাশিত হইয়াছে, দেই সকল গ্রন্থের মূলের সহিত মিলান হইয়াছে। যেথানে কোন প্রকার ভিন্ন পাঠ দৃষ্টিগোচর হইয়াছে, ফুট নোটে সেই বিষয় উল্লেখ করা গিয়াছে। অনুবাদটি যতদূর সম্ভব প্রাঞ্জল করা গিয়াছে, সেই সঙ্গে বৌদ্ধ দর্শনের কঠিন পরিভাষা সকল পরিত্যক্ত হইয়াছে। তিন বৎসর পূর্ণের পণ্ডিত সতীশচক্র বিষ্ঠাভূষণ এম্, এ, মহাশয় কাত্যায়ণ কত পালি ব্যাকরণের একটী সংস্করণ বাহির করিয়া পালিভাষা শিক্ষার পথ উন্মুক্ত করিয়াছেন, আশা করি এই পুস্তকে সেই উদ্দেশ্যেরই সহায়তা করিবে। ধন্মপদ পুস্তক খানি বিশ্ববিত্যালয়ের বি, এ, পরীক্ষার পাঠ্য। পরীক্ষার্থিগণের উপযোগী করিয়াই পুস্তকখানি প্রস্তুত করা গিয়াছে এবং এই উত্তেশ্য সফল হইলে পরিশ্রম সার্থক বিবেচনা করিব।

আমি আন্তরিক ক্বতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে এই পুস্তক থানি প্রণয়নকালে প্রেসিডেন্সী কালেজের অক্সতম সংস্কৃতাধ্যাপক, কলি-কাতা এসিয়াটিক সোসাইটি ও বিলাতের রয়েল এসিয়াটিক সোসাইটির অন্ততম সদস্ত, পালি ভাষায় স্থপণ্ডিত, আমার প্রিয় স্থন্দ পণ্ডিতবর সতীশ্চক্র 'বিত্যাভূষণ এম্, এ, ও সোদর প্রতিম শ্রীমান্ নরেক্র কুমার বস্থ, বি, এল, আমাকে যথেষ্ঠ সাহায্য করিয়াছেন। যাহাতে পুস্তকথানি সর্কাঙ্গস্থন্দর হয় তজ্জন্ত ইহাদিগের হুই জনের নিক্ট হইতে যথাসাধ্য সাহায্য প্রাপ্ত হইয়াছি। ইহু'দের সাহায্য না পাইলে পুস্তক খানি সম্পূর্ণ করা কষ্ট্রসাধ্য হইত। সতীশ বাবু বিশেষ পরিশ্রম সহকারে, সর্বদাই প্রকুল্লচিত্তে আত্যোপান্ত পুস্তকথানি দেখিয়া দিয়াছেন ও স্থানে স্থানে সংস্কৃত অংশগুলি সংশোধন করিয়াছেন। সময়ে সময়ে শারীরিক অস্ত্রতা সত্ত্বে ও নিজের গুরুতর কার্য্যের মধ্যে প্রফগুলি দেখিতে ক্ষান্ত হন নাই। পুস্তক্থানি প্রণয়ন বিষয়ে ইংইছের তুইজনের নিকটে আমি বিশেষরূপে ঋণী। চট্টগ্রাম নিবাসী, বর্ত্তমান চট্গ্রাম কালেজের পালিশিক্ষক, বৌদ্ধ ভিক্ষু ধন্মবংস কলিকাতায় অবস্থানকালে আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। বিশেষ ক্লব্জতার সহিত প্রকাশ করিতেছি যে যথনই ধশ্বপদ পুস্তক্থানি বর্ত্তমান আকারে প্রকাশ করিবার বাসনা করি, দেই স্ময় হইতে ইণ্ডিয়ান মিরার পত্তের স্থােগ্য সম্পাদক, উদারজদয়, শ্রদ্ধাম্পদ বাবু নরেক্র নাথ দেন মহাশয়, মহাবোধি সোসাইটির সম্পাদক বৌদ্ধ পরিব্রাজক অনাগারিক ধর্মপাল ও বিত্যোৎসাহী এবং বদান্ত বাবু নীলকমল মুখোপাধ্যায় মহাশয় এই কার্য্যে যথেষ্ঠ উৎসাহ প্রদান করেন ও যাহাতে পুস্তকথানি শীঘ্র বাহির হয় তজ্জন্ত বিশেষ ইচ্ছা প্রকাশ করেন। বিশেষতঃ নীলকমল বাবু স্বতঃপ্রবৃত্ত হইয়া 'এই পুস্তকের মুদ্রাঙ্কণ ব্যয়ভার বহন করিয়া নিজের মহত্বের পরিচয় প্রদান করিয়াছেন। ইহার নিকট আমি, বিশেষরূপে রুভজ্ঞতাপাশে वक्त।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে রায় বাহাছর রাজেন্দ্র চক্র শাস্ত্রী এম, এ, ও পণ্ডিত মহেন্দ্র নাথ বিভানিধি মহাশয় এই পুস্তক প্রণয়ন কালে আমাকে নানাবিধ পরামণ দ্বারা সাহাযা
করিয়াছেন। সর্কশেষে সর্ক্রসাধারণের নিকট নিবেদন এই যে
এবার পুস্তকথানিতে অনেক ক্রটী রহিয়া গেল, যদি সময়ান্তবে দ্বিতীয়
সংস্করণ বাহির করিবার স্থযোগ হয়, তাহা হইলে পুস্তকথানি সর্কাঙ্গ
স্থানর করিবাব চেষ্টা করিব।

बीहां ऋहम् वस्र।

দিতীয় সংকরণ।

ভগবদ্ রূপায় ধম্মপদের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত ইইল। প্রায় এক বংসর পূর্বের এই পুস্তক প্রথম প্রকাশিত হয়। পুস্তকথানি প্রকাশিত হইবার পর, বিদ্বন্মগুলী যেরূপ আগ্রহ ও উৎসাহের সহিত উহা গ্রহণ করিয়াছিলেন তাহা অতীব আশাপ্রদ। যাবতীয় সংবাদ পত্তের সম্পাদকগণ একবাক্যে স্ব স্ব সমালোচনায় গ্রন্থানিকে যেরূপ উচ্চস্থান প্রদান করিয়াছেন তজ্জ্য অমুবাদক সকলের নিকট বিশেষরূপে ক্বতজ্ঞতা পাশে বদ্ধ। বিশেষতঃ আমার পরম শ্রদ্ধাম্পদ শ্রীযুক্ত বাবু নরেন্দ্রনাথ সেন মহাশয় যেরূপ উৎসাহ প্রদান করেন তাহা বর্ণনাতীত। আশা করি দ্বিতীয় সংস্করণথানিও তদ্রপ পণ্ডিত সমাজে আদৃত হইবে। বর্ত্তমান সংস্করণথানি অনেক স্থলে পরিবর্ত্তন কবা গিয়াছে ও ইহাতে অনেক নৃতন বিষয় সন্নিবিষ্ঠ হইয়াছে; গ্রন্থানি আকারেও অনেক বড় হইয়াছে। পরিশিষ্টে বৌদ্ধ দর্শন, মনোবিজ্ঞান ও নীতিসম্বন্ধে বিশেষ বিশেষ জ্ঞাতব্য বিষয়ের একটি তালিকা প্রদত্ত হইল। আশী করি ইহা পাঠক্বদিগের অনেক উপকারে আসিবে। যদিও পুস্তকথানি আকারে বড় হইল সাধারণের স্থবিধার জন্য মূল্য পূর্ব্ববৎ রাথা গেল।

শ্রদের বাব্ রবীক্রনাথ ঠাকুর, স্থপণ্ডিত রায় কালীপ্রসন্ধ ঘোষ, বাহাত্ব ও প্রবাসী সম্পাদক মহাশন্ধ নিজ নিজ পত্তিকার পুস্তকথানির সমালোচনা কালে কতকগুলি বিষয়ের প্রতি অনুবাদকের মনোযোগ মাকর্ষণ করিয়া বাধিত করিয়াছেন। আমার শ্রদ্ধাম্পদ বন্ধু পণ্ডিত সতীশচক্র বিভাভ্ষণ এম্, এ, এই পুস্তকের দিতীয় সংস্করণের ন্তন ভূমিকাতে সেই সেই বিষয়গুলির যথাযথ আলোচনা করিয়াছেন। এস্থলে আমার পক্ষে আর অধিক কিছু উল্লেখ করা নিপ্রয়োজন।

ধশ্মপদ ভগবদ্বাণী; ইহা ভগবান্ বুদ্ধের মুখনিঃস্ত অপূর্ব্ব উপদেশ; এরপ গ্রন্থ জগতে অতি বিরল। সমগ্র বৌদ্ধ জগদ্বাসী নরনারী মাত্রেই এই স্বর্গীয় উপদেশে মুগ্ধ। সমগ্র সভ্যজগতে এই উপদেশের প্রভাব দিন দিন বর্দ্ধিত হইতেছে। পাঁচ হাজার বৎসর পূর্বে কুরুক্তের ভয়াবহ রণস্থলে ভগবান্ বাস্থদেব অর্জুনের রণোপরি অবস্থিত হইয়া যে উপদেশ প্রদান করিয়াছিলেন, যাহা এথনও কোটি কোটি হিন্দুপ্রাণকে মন্ত্রমুগ্ধ করিয়া রাখিয়াছে, এই গৌতমবুদ্ধ মুখনি:স্ত পবিত্রবাণী তাহারই সমকক। ইহা জ্ঞান ও কর্মের স্থন্দর সামঞ্জস্ত। ধম্মপদগ্রন্থ কন্মী ও ত্যাগীর প্রাণম্পর্শী উপদেশে পূর্ণ; এক কথায় বলিতে গেলে, এইমাত্র বলা যায় ভগবদ্গীতার স্থায় ধম্মপদও বেদ ও উপনিষদের সারসংগ্রহ। গীতা ও ধল্মপদের স্থায় যে জগৎপূজ্য পুস্তক ভারতেই প্রচা-রিত হইয়াছিল ইহাতে কোন্ ভারতবাসীর প্রাণ না আনন্দে বিভোর ্হয় ? আমাদের এই ছিদিনে, ত্রাহ্মণ্য ধর্মের অধঃপতনের সময় বুদ্ধদেব ব্রাহ্মণদিগের প্রতি যে উপদেশ ও উজ্জ্বল দৃষ্টাস্ত তাঁহাদিগের সম্মুখে উপস্থিত করিয়াছিলেন তাহা জগতে অতি বিরল; এমন কি ব্রাহ্মণ-সাহিত্যেও এরূপ দেখিতে পাওয়া যায়না। সাধারণ সাহিত্যে ও ভগবদ্-বাণীতে বিস্তর প্রভেদ। দ্বিতীয়টীর প্রভাব অসীমৃ। ইহা অপ্রতিহত-

প্রভাবে জগতের ইতিহাসে, মানবসমাজে ও নরনারীর হৃদয়ে কার্যা করে। ধম্মপদ শেষোক্ত শ্রেণীর অন্তর্গত। বেদ ও উপনিষদের স্থায় এই সকল উপদেশের এক অনির্কাচনীর মাধুর্যা ও বীর্যাদায়িনী শক্তি পরিলক্ষিত হয়। বৃদ্ধদেব প্রস্থালিশ বৎসর ধরিয়া মগধের নগরে নগরে যে উপদেশ প্রদান করিয়াছিলেন ও লোকের সম্মুথে জ্ঞান, কর্মা ও নীতির যে উৎকৃষ্ট আদর্শ উপস্থিত করিয়াছিলেন, এই পবিত্র গ্রন্থে তাহারই সারাংশ পুস্থকাকারে নিবদ্ধ আছে; আশা করি এ দেশের সকল সম্প্রদায়ের মধ্যে এই পুস্থক্থানির দিন দিন আদর বৃদ্ধি হইবে, কারণ ইহার স্থায় উদার অসাম্প্রদায়িক ধর্মমত জগতে অতি বিরল।

পুস্তকথানি প্রথম প্রণয়ন কালে আমি আশা করি নাই যে এক বংসরের মধ্যে দিতীয় সংস্করণ প্রকাশে সমর্থ ইইব। একমাত্র সাহিত্যামু-রাগীদিগের অনুগ্রহে ও ধর্মপিপাস্থ ব্যক্তিদিগের কুপায় এত শীঘ্র দ্বিতীয় সংস্করণটা প্রকাশ করিতে সমর্থ হইলাম, সেই জন্ম তাহাদের সকলের নিকট আমার ক্রভ্জতা জানাইতেছি। পরিশেষে বক্তব্য এই, শিকা বিভাগের ডিরেক্টর শ্রীযুক্ত পেডলার সাহেব বাহাত্রর, সি, আই, ই; এফ, আর, এস; বিদ্যোৎসাহী রাজা বিনয়ক্ষণ দেব বাহাত্র, ও চট্টগ্রামস্থ পূজনীয় বৌদ্ধ ভিক্ষমগুলী, বিশেষতঃ মদীয় বন্ধু রাঙ্গুনীয়াস্থ স্থামানন্দ বিহারবাসী শ্রীগুণরত্নভিক্ষু ও শ্রীহ্রগোবিন্দ মুচ্ছুদি মহাশয় যেরূপ আগ্রহ্ ও উৎসাহ প্রদান করিয়াছেন তাহাতে ইহাদিগের প্রত্যেকের নিকট আমি বিশেষরূপে ক্বজ্ঞতাপাশে বদ্ধ। এই পুস্তকথানি ছাপা বথন সম্পূর্ণ হইয়াছে, তথন আমার শ্রদ্ধেয় বন্ধু যশোহরস্থ লব্ধ প্রতিষ্ঠ উকিল রায় যহুনাথ মজুমদার বাহাছরের একটা প্রস্তাব আমার হস্তগত হয়, তিনি লিখিয়াছেন যে, গীতা বা উপনিষদের সহিত বৃদ্ধ উপদেশগুলির যে যে স্থানে ঐক্য আছে তাহা দেখাইয়া দিলে

ভার্ণ হয়। তাঁহার অভিপ্রায়টী কিছু পূর্ব্বে জানিতে পারিলে এই সংস্করণেই ঐ বিষয়টী সন্নিবিষ্ট করা যাইত। যাহা হউক সময়ান্তরে ও স্থানান্তরে ঐ বিষয়টীর বিস্তারিত সমালোচনা করিতে ইচ্ছা রহিল।

গ্রীচারুচন্দ্র বস্থ।

सृष्ठी

পঠমক ভাণবারং।

(প্রথম ভাগ)

অধ্যায়				পৃষ্ঠা
যমক বগ্গো	পঠমো।		••	>
অপ্পর্মাদ বগ্গো	হৃতিয়ো।	•••	• • •	>9
চিত্ত বগ্গো.	ততিয়ো।			>>
পুপ্ফ বগ্গো	চতুখো।			> c
বাল বগ্গো	পঞ্চমো।			೨೨
পণ্ডিত বগ্গো	ছট্ঠো।		• •	8२
অরহস্ত বগ্গো	সত্তমো।			• (•
সহস্স বগ্গো	অট্ঠমো		•••	¢ 9
পাপ বগ্গো	নবমো।			৬৫
দণ্ড বগ্গো	प्रमा ।	•	••	৭৩
জরা বগ্গো	একাদসমো।	• • •		४२
অত্ত বগ্গো	দ্বাদস ে শ।		•••	, bb
লোক বগ্গো	তেরসমো।	•••	, F	৯8
বুদ্ধ বগ্গো	ठ जूकमरमा !			>0>

তুতিয়ো ভাণবারং।

(দ্বিতীয় ভাগ)

স্থ বগ্গো	পন্নরসমো।	• •	•	>>>
পিন্ন বগ্গো	সোলসমো।	• •	••	724
কোধ বগ্গো	সত্তরসমো।	•		> 8
মল বগ্গো	অ ট্ঠারস ে মা	•		, >0>
ধশ্মট্ঠ বগ্গো	একৃনবীসতিমো	٠.		785
মগ্গ বগ্গো	বীসতিমো ৷	•••		५ ७२
পকিপ্পক বগ্গো	একবীসতিমো।			১৬১
নিরম বগ্গো	দ্বাবীসতিমে	•		595
নাগ বগ্গো	তেবীসতিমো।	•	•) b a
তণ্হা বগ্গো	. চতুবীসতিমো।	••	• • •	১৮৯
ভিক্থু বগ্গো	পঞ্বীসতিমো।	• •	••	२०१
ব্রাহ্মণ বগ্গো	ছব্বীসতীমো।		• • •	२२२

নি টিতো।

(সমাপ্ত)।



যমকবগ্রেগা।

নমো তব্দ ভগবতো অরহতো সম্মাসমুদ্ধক।
মনোপুব্দক্ষমা ধন্মা* মনোসেন্তা মনোময়া।
মনসা ৮চ পতুটোন ভাসতি বা করোভি বা।
ততো নং তুশ্বমন্বেতি চক্কং ব বহতো পদং।। ১।।

অন্বয়।—ধন্মা মনোপুৰ্বঙ্গমা মনোসেটা মনোময়া। পছটেন মনসা চে ভাসতি বা, করোতি বা, ততো চক্কং বহতো পদং ব নং তুক্থমবেতি।

* এ স্থলে ধর্ম শব্দের প্রকৃত অর্থ কি তাহা নির্ণয় করা হুরহ ব্যাপার। কেই কেছ বলেন ধর্ম শব্দে প্রণার্থ মাত্রকেই ব্যায়, তদমুসারে প্রথম শ্লোকের অর্থ ইইতেছে, মনের সাহায্য ব্যতীত কোন পদার্থের জ্ঞান হয় না। অপর মতে ধর্ম অর্থে কর্ম অর্থাৎ সৎ বা অসৎ কার্যাকে ব্যায়। তাঁহাদের মতে পুণ্য বা পাপ কার্য্য মনের সম্বন্ধ বশতঃ প্রণা বা পাপ নামে অভিহিত হয়। কেই কেই বলেন ধর্ম অর্থে মনের ভাব বা অবস্থাকে ব্যায়। তাঁহাদের মতে মনের সহকারিতা বশতঃ জীবে ভাবান্তর বা অবস্থাক্তর ঘটিয়া থাকে। কেই কেই বলেন, বেদনা, সংজ্ঞা ও সংক্ষার এই তিন স্কল্পের সাধারণ নাম ধর্ম ও মন শব্দের অর্থ বিজ্ঞান ক্ষল, অর্থাৎ বিজ্ঞান ক্ষলের সহকারিতা জিল্প বেদনা, সংজ্ঞা ও সংক্ষার এই তিন ক্ষলের সাধারণ নাম ধর্ম ও সংক্ষার এই ত্রিবিধ ক্ষলের উপলব্ধি হইতে পারে না। কোন কোন বৌদ্ধ মতে সপ্তত্তিংশৎ পদার্থের নাম ধর্ম।

- সংস্কৃত।—ধর্মাঃ মনঃপূর্বজ্ঞসাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোম্যাঃ (মানসাত্মকাঃ)।

 এত্নষ্টেন মনসা চেৎ (কোহপি) (কিঞ্চিৎ) ভাষতে, (কিঞ্চিৎ)
 করোতি বা, ততঃ চক্রম্ বহতঃ (বলীবর্দস্ত) পদমিব এনং
 (পুরুষম্) তঃখমন্বেতি (অনুসর্বতি)।
- অনুবাদ।—সনই ধর্ম সমূহের পূর্ব্বগামী, মনই ধর্ম সমূহের মধ্যে শ্রেষ্ঠ,
 এবং ধর্ম মন হইতেই উৎপন্ন হয়, 'অর্থাৎ মন্থ্যের স্বভাব বা
 চিন্তা মনের দ্বারাই অনুপ্রাণিত ও পরিচালিত হয়। জীবের
 চৈত্রসিক ভাব সমূহ মন হইতেই উৎপন্ন হয় ও মনের স্বভাব
 প্রাপ্ত হয়। গদি কেহ দ্বিতান্তঃকরণে কণা কহে, বা কার্য্য
 করে, তবে চক্র যেমন ভারবাহী বলীবর্দের প্দচিহ্ন অনুসরণ
 করে—তঃখও তাহাকে সেইরূপ অনুসরণ করে।

মনোপুক্তপ্রমা ধন্মা মনোদেটো মনোময়া।
মনদা চে পদন্ধেন ভাদতি* বা করোতি বা।
ততো নং ত্রথমন্বেতি ছায়া ব অনপান্ধিনী ॥ ২ ॥

- অন্বয়।—ধন্মা মনোপুরুক্তমা মনোসেট্ঠা মনোময়া। পদন্ধেন মনসা চে ভাদতি বা, করোতি বা, ততো অনপায়িনী ছায়া ব নং স্থমন্তেতি।
- সংস্কৃত।—ধর্মাঃ মনঃপুরুপ্তমাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোময়াঃ। প্রসরেন
 (নির্মালেন) মনসা চেৎ (কোহপি) (কিঞ্চিৎ) ভাষতে,
 (কিঞ্চিৎ) করোতি বা, ততঃ অনপায়িনী ছায়া ইব এনং
 স্থেমবেতি (স্কুসরতি)।

चक्रवान। -- मनई धर्म मग्रहतं शृर्वगांगी, मनहे धर्म-मरधा व्यथान शनार्थ,

^{*} ভাষতী।

এবং ধর্ম মন হইতেই উৎপন্ন হইয়াছে। যদি কেহ নির্মালান্তঃ-করণে কথা কহেন, কিংবা কার্য্য করেন, তবে স্থথ-তাঁহাকে সর্কাদা ছায়ার ন্থায় অনুসরণ করে।

অকোচ্ছি মং অবধি মুং অজিনি মং অহাসি মে। যে চ তং উপনয্হন্তি বেরং তেসং ন সম্মতি॥ ৩॥

- অন্বয়।—মং অকোচ্ছি, মং অবধি, মং অজিনি, মে অহাসি, যে চ তং উপনয্হন্তি তেসং বেরং ন সম্মতি।
- সংস্কৃত।—মাং অকোশীৎ, মাং•অবধীৎ, মাং অজৈষীৎ, মে অহাৰ্ষীৎ, যে চ তৎ উপনহান্তি, তেষাং বৈরং ন শাম্যতি।
- অনুবাদ।—(লোকে) আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার করিল, আমার দ্রব্য অপহরণ করিল, এই চিন্তা যাহারা সর্বাদান পোষণ করে, তাহাদের বৈর-ভাব কথনই শাস্ত হয় না।

অক্রোছি মং অবধি মং অজিনি মং অহাসি মে। যে তং ন উপনয্হন্তি বেরং তেস্পসম্মতি ॥ ৪ ॥

- অবয়।— মং অক্টোচ্ছি, মং অবধি, মং অজিনি, মে অহাসি, যে তং ন উপন্যহস্তি, তেম্থ বেরং উপসন্মতি।
- সংস্কৃত।—মাং অক্রোশীৎ, মামবধীৎ, মামজৈষীৎ, অহার্ষীৎ মে, যে তৎ ন উপনহান্তি, তেযু বৈরং উপশাম্যতি।
- অনুবাদ।—আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার করিল, আমাকে পরাস্ত করিল, আমার দ্রব্য অপ্হর্ণ করিল, এইরূপ চিন্তা যাহারা, মনে স্থান দেয় না, তাহাদের বৈর-ভাব দূর হইয়া যায়।

ন হি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং। অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সমন্তনো॥ ৫॥

- অন্বয়।—ন হি কুদাচনং ইধ বেরানি বেরেন সম্মন্তি, অবেরেন চ সম্মন্তি, এস সনস্তনো ধমো।
- সংস্কৃত।—ন হি কদাচন ইহ বৈরাণি বৈরেণ শাম্যস্তি, অবৈরেণ চ শাম্যস্তি, এষঃ সনাতনো ধর্মঃ।
- অমুবাদ।—ইহ জগতে শত্রুতা, ক্রোধ দ্বারা কথনই দমন করা যায় না, পরস্তু শত্রুতা-শূন্তুতা দ্বারা ইহাকে দমন করা যায়; ইহাই সনাতন ধর্ম।

পরে চ ন বিজানন্তি ময়মেথ যমামদে। যে চ তথ বিজানন্তি ততো সম্মন্তি* মেঘগা॥ ৬॥

- সম্বয়।—পরে চ ন বিজ্ঞানস্তি ময়মেথ য্যামসে, যে চ তথ বিজ্ঞানস্তি, ততো মেঘগা সম্বস্থি।
- সংস্কৃত।—পরে পণ্ডিতা ইতরে লোকাশ্চ ন বিজানস্থি, বয়মত্র যংস্থামঃ
 (অস্মালোকাং উপরতাঃ ভবিষ্যামঃ); যে চ তত্র (এতং)
 বিজানস্থি, ততঃ (তেভাঃ পুরুষেভাঃ) 'মেঘগাঃ' (সর্বাকলহাঃ)
 শাম্যন্তি।
- অনুবাদ।—মূর্থ ব্যক্তিরা জানে না ষে, "আমরা চিরকাল ইহ-সংসারে থাকিব না।" যাঁহারা তাহা জানেন, তাঁহাদের সকল কলহ থামিয়া যায়।
- * 'মেখগা'—এই শব্দ পালিতে 'কলহ' অর্থে ব্যবহৃত হর; কিন্ত ইহার ব্যবহার সংস্কৃতে বড় পাওয়া যার না, এবং ইহার উৎপত্তি নির্ণয় করাও কঠিন।

স্থভানুপশ্দিং বিহরন্তং ইন্দ্রিয়েস্থ অসংবৃতং। ভোজনন্দি চামভঞ্জুং কুদাতং হানবারিয়ং। তং বে পদহতা মারো বাতো রুশ্বং ব ত্রবলং॥ ৭॥

- অন্বয়।—স্থভানুপদ্সিং বিহরস্তং ইন্দ্রিয়েস্থ অসংবৃতং ভোজনম্হি

 অমত্তঞ্ঞুং কুসীতং হীনবীরিয়ং তং (পুগ্গলং) বে মারো

 ত্বলং কক্থং বাতো ব পসহতী।
- সংস্কৃত।—শুভম্ অনুপশুন্তং বিহরস্তম্ ইক্রিয়েষু অসংবৃতং ভোজনে অমাত্রাজ্ঞং কুসীদং হীনবীর্য্যং পুরুষং মারঃ তর্কলং বৃক্ষং বাতঃ ইব প্রসহতে॥
- অনুবাদ।—যে পুরুষ কেবল মনুষ্যের অঙ্গ-প্রত্যঙ্গের শোভা অনুসন্ধান করিয়া বেড়ায়, অর্থাৎ আপনাকে স্থন্দর বলিয়া বিবেচনা করে, অথবা কেবল স্থথের অনুসন্ধান করিয়া বেড়ায়, ইন্দ্রিয়-সকল সংযত রাখে না, তর্বল বৃক্ষকে বায়ু যেমন পরাহত করে, যে পুক্ষ অমিতাহারী, অলস, এবং হীনবীর্য্য, মার তাহাকেও সেইরূপ প্রাহত করে।

অন্তভান্মপশ্দিং বিহরন্তম্ ইন্দ্রিয়েশ্ব শ্বসংবৃতং। ভোজনম্ছি চ মত্তঞ্জুং সদ্ধং আরদ্ধবীরিয়ং। তং বে নপ্রসহতী মারো বাতো সেলং ব পববতং॥৮॥

- শব্দ ।— অস্থভামুপদ্দিং বিহরস্তম্ ইন্দ্রিয়েস্থ স্থসংবৃতং ভোজনম্ছি
 মন্তঞ্ঞুং চ সদ্ধং আরদ্ধবীরিয়ং, তং (পুগ্গলং) বে মারো
 সেলং পধ্বতং বাতো ব ন প্রসহতী।
- সংস্কৃত।—অগুভম্ অমুপশুন্তং বিহরন্তম্ ইক্রিয়েয়ু স্থসংবৃতং ভোজনে

মাত্রাজ্ঞং চ শ্রন্ধ আরম্ববীর্ঘ্যং পুরুষং বৈ মারঃ শৈলং
(শিলাময়ং) পর্বতং বাত ইব ন প্রসূহতে।

অমুবাদ।—যে পুরুষ, অঙ্গ-প্রত্যঙ্গের কোনই সৌন্দর্য্য দর্শন করেন না, ইন্দ্রিয়দকল স্থান্থত রাথেন, আর িযিনি মিতাহারী, শ্রদ্ধাযুক্ত এবং কর্মাঠ, বায়ু যেমন শিলাময় পর্বতকে প্রতিহত করিতে পারে না, মারও তাঁহাকে সেইক্রপ প্রতিহত করিতে পারে না।

অনিক্ষসাবো কাসাবং যো বত্থং পরিদহেস্গতি। অপেতো দমসচ্চেন ন সো কাসাব্যরহতি॥ ৯॥

অবয়।—অনিক্সাবো যো কাসাবং বখং পরিদহেস্স্তি, দমসচ্চেন অপেতো সো কাসাবং ন অরহতি।

সংস্কৃত।—অনিষ্কধায়ে। যঃ কাষায়ং বস্ত্রং পরিধাস্ততি, দমসত্যাভ্যামপেতঃ
সঃ কাষায়ং ন অর্হতি।

অনুবাদ।—যে ব্যক্তি, কামরাগাদি-দোষযুক্ত হইয়াও, কাষায় বস্ত্র পরিধান করে, দমহীন ও সত্যহীন সে ব্যক্তি, কথনই কাষায়-বস্ত্র-পরিধানের উপযুক্ত নহে।

যো চ বন্তুকসাবস্স *সালেস্থ স্থসমাহিতো।
উপেতো দমসচ্চেন স বে কাসাবমরহতি॥ ১০॥
অন্তর্মা—যো চ বন্তুকসাবো অস্স সীলেস্থ (চতুপারিস্থদ্ধিসীলেস্থ)
স্থসমাহিতো, দমসজেন উপেতো স বে কাসাবমরহতি।

সীলেম—এখানে "সীল" অর্থে "চতুপারিম্বান্ধসীল" ব্ঝাইতেছে। "প্রাতিমোক্ষ-সংবরশীল," 'ইন্দ্রিরসংবরশীল" ''আঞ্জীবপারিগুদ্ধিসংবরশীল," ''প্রত্যায়সন্মিশ্রিতসংবর-শীল," এই কয়েক্টীকে ''পারিম্বান্ধিনীল' কহে।

- সংস্কৃত।—যশ্চ বাস্তক্ষায়ঃ অশু শীলেষু স্থসমাহিতঃ, দমসত্যাভ্যামুপেতঃ
 সঃ বৈ কাষায়মইতি।
- অমুবাদ।—যিনি, কামরাগাদিদোষশৃত্য এবং 'শীল'-সমূহে স্থপ্রতিষ্ঠিত, দাস্ত ও সত্যবান্—সেই ব্যক্তি অবশ্রুই কাষায় বস্ত্র-পরিধানের উপযুক্ত।

অসারে সারমতিনো সারে চাসারদস্পিনো।. তে সারং নাধিণচ্ছন্তি *মিচ্ছাসঙ্কপ্লগোচরা॥ ১১॥

- অশ্বয়।—(যে) অসারে শারমতিনো, সারে চ অসারদস্সিনো,
 মিচ্ছাসক্ষপ্রগোচরা তে সারং নাধিগচ্ছস্তি।
- সংস্কৃত।—(যে) অসারে সারমতয়ঃ সারে চ অসারদর্শিনঃ, মিথ্যাসঙ্কল্পগোচরাঃ, তে সারং নাধিগচ্ছন্তি।
- অনুবাদ।—যাহারা, অসার বস্তুকে সার বিবেচনা করে এবং সারকে

 অসার বিবেচনা করে, অলীক চিস্তার * প্রশ্রম্বাতা —সেই

 ব্যক্তি কথন সার প্রাপ্ত হয় না।

সারঞ্চ সারতো ঞ্ডা অসারঞ্চ অসারতো। তে সারং অধিগচ্ছন্তি সম্মাসঙ্কপ্লগোচরা॥ ১২॥

অন্তর্ম ।— (যে) চ সারং সারতো ঞ্জা অসারঞ্চ অসারতো (জানন্তি),
সন্মাসক্ষপ্রগোচরা তে সারং নাধিগচ্ছন্তি।

^{*} মিথাাদৃষ্টির।

সার—বৌদ্ধমতে সার ছয় প্রকার। যথা—শীলসার, সমাধিদার, প্রজ্ঞাসার-বিমুক্তিসার বিমুক্তিজ্ঞানদর্শনসার ও প্রমার্থসার এই শেষোক্ত সারই—নির্বাণ

- সংস্কৃত। (যে) চ সারং সারতঃ জ্ঞাজা অসারঞ্জ অসারতঃ (জানস্তি),
 সমাক্সকলগোচরাস্তে সারং নাধিগছন্তি।
- অমুবাদ।—কিন্তু যাঁহারা, সারকে সার পদার্থ বলিয়া জানেন, এবং অসারকে অসার বলিয়া জানেন, সচ্চিস্তার * প্রশ্রদাতা— 'সেই সকল ব্যক্তিই, সার (পদার্থ) প্রাপ্ত হয়েন।

যথাগারং তুচ্ছন্নং বুট্টী সমতিবিজ্ঞাতি। এবং মভাবিতং চিত্রং রাগো সমতিবিজ্ঞাতি॥ ১০॥

- সম্বয়।—যথা হচ্ছন্নং সগারং বৃট্ঠী সমতিশ্বিষ্মতি, এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিষ্মতি।
- সংস্কৃত।—যথা তৃশ্ছন্নং আগারং বৃষ্টিঃ সুমতিবিধ্যতি, এবং অভাবিতং চিত্তং রাগঃ সমতিবিধ্যতি।
- শ্বর্থাদ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত নহে, তাহাকে ভেদ করিয়া যেমন বৃষ্টি প্রবেশ করে—যে চিত্ত ভাবনা রহিত (ধ্যানপরা-য়ণতাহীন) তাহাতেও সেইরূপ আসক্তি বা অভিলাষ প্রবেশ করে।

যথাগারং স্থচ্ছন্নং বৃষ্টী ন সমিতিবিদ্ধাতি।

এবং স্বভাবিতং চিত্তং রাগো ন সমতিবিজ্ঞাতি ॥ ১৪ ॥

অবয়। – যথা স্লচ্ছন্নং অগারং বুট্ঠীন সমতিবিল্মতি, এবং স্থভাবিতং চিত্তং রাগোন সমতিবিল্মতি।

সংস্কৃত।—যথা স্লছন্নম্ আগারং বৃষ্টি ন সমৃতিবিধ্যতি, এবং স্থভাবিতং চিত্তং রাগো ন সমতিবিধ্যতি।

^{*} मभाक् मक्छ।

অমুবাদ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত, তাহাকে ভেদ করিয়া যেমন বৃষ্টি প্রবেশ করিতে পারে না—যে চিত্ত ভাবনাযুক্ত*, তাহাতেও সেইরূপ আসক্তি প্রবেশ লাভ করিতে পারে না।

ইধ সোচতি পেচ্চ সোচতি পাপকারা উভয়খ সোচতি।

সো সোচতি সো বিহঞ্জতি দিস্বাকম্মকিলিষ্ট্রমন্তনো ॥ ১৫॥

সন্ধান নিশ্ব বিষ্ণাচতি, পেচ্চ সোচতি, উভয়ংথ সোচতি, অন্ত্রনা কম্মকিলিট্ঠং দিম্বা সো সোচতি সো বিহঞ্ঞতি। সংস্কৃত।—পাপকারী ইহ শোদ্ধতি, প্রেত্য শোচতি, উভয়ত্ত শোচতি, আত্মনঃ কর্ম-ক্লিষ্ঠং (কর্মমালিখ্যং) দৃষ্ট্বা স শোচতি, স বিহশ্যতে।

অমুবাদ।—যে পাপ করে, তাহাকে ইহলোকে পরলোকে (উভয়-লোকেই) শোক করিতে হয়। সে আপনার ক্লিপ্ত কর্ম বা মলিন কর্মা দর্শন করিয়া শোক করে ও অত্যস্ত কন্ত পায়।

ইধ মোদতি পেচ্চ। মোদতি কতপুঞ্জো উভয়থ মোদতি।

সো মোদতি সো পমোদতি দিস্বা কম্মবিহুদ্ধি মন্তনো॥ ১৬॥

^{*} ভাবনা শব্দের অর্থ এথানে ৪০টী কর্মকান ভাবনা।

[†] পচ**ে**।

- অন্বয়।—কতপুঞ্ঞো ইধ মোদতি, পেচ্চ মোদতি, উভয়ৎথ মোদতি, অন্তনো কন্মবিস্থদ্ধিং দিস্তা সো পমোদতি।
- সংস্কৃত।—কৃতপুণাঃ ইহ মোদতে, প্রেত্য মোদতে উভয়ত্ত (মোদতে) আত্মনঃ কর্মবিশুদ্ধিং দৃষ্ট্বা স মোদতে স প্রমোদতে।
- অমুবাদ।—যিনি পুণাকর্ম করেন—তিনি ইহলোকে পরলোকে (উভয়লোকেই) আনন্দ লাভ করেন। তিনি আপনার কর্মের পবিত্ততা দর্শন করিয়া অতীব আনন্দিত হন।

ইধ তপ্পতি পেচ্চ তপ্পতি পাপকারী উভয়থ তপ্পতি। পাপং মে কতন্তি তপ্পতি ভীয্যোঁ তপ্পতি তুপ্গৃতিং গতো॥ ১৭॥

অন্বয়।—পাপকারী ইধ তপ্পতি, পেচ্চ উপ্পতি, উভয়ংথ তপ্পতি, মে পাপং কতন্তি তপ্পতি, ছুগ্গতিং গতো ভীয্যো তপ্পতি।

সংস্কৃত।—পাপকারী ইহ তপডি, প্রেতা তপতি, উভয়ত্ত তপতি, ময়া পাপং কৃতমিতি তপতি, গুর্গতিং গতো ভূয়স্তপতি।

অমুবাদ।—যে পাপ করে, সে ইহলোকে পরলোকে উভয় লোকেই

তাপ প্রাপ্ত হয়। "আমি পাপ করিয়াছি" এই চিন্তা করিয়া
সে (ইহলোকে) তাপ প্রাপ্ত হয় এবং হুর্গতি লাভ করিয়া
পুনরায় তাপ প্রাপ্ত হয়।

ইধ নন্দতি পেচ্চ নন্দতি কত পুঞ্জো উভয়থ
নন্দতি।
পুঞ্জং মে কতন্তি নন্দতি ভীয্যো নন্দতি স্থগংগতিং
গতো ॥ ১৮॥

- অন্বয়।—কতপুঞ্ঞো ইধ নন্দতি, পেচচ নন্দতি, উভয়ংথ নন্দতি মে পুঞ্ঞং কতন্তি নন্দতি, স্থগ্যিভিং গতো ভীয্যো নন্দতি।
- সংস্কৃত। -- কৃতপুণ্যঃ ইহ নন্দতি, প্রেত্য নর্দতি, উভয়ত্ত নন্দতি, ময়া পুণ্যং কৃত্যিতি নন্দতি, স্কুগতিং গতো ভূয়ো নন্দতি।
- অনুবাদ যে পুণ্য কর্ম করে—সে ইহলোকে পরলোকে উভয় লোকেই আনন্দ লাভ করে। "আমি পুণ্যকর্ম করিয়াছি" এই চিস্তা করিয়া, সে (ইহলোকে) আনন্দলাভ করে এবং স্থগতি প্রাপ্ত হইয়া পুনরায় আনন্দ প্রাপ্ত হয়।

বহুম্পি চে সহিতং ভাসমানো ন তক্করো হোতি নরো পমতো।

গোপো ব গাবে। গণয়ং পরেসং ন ভাগবা সামঞ্জন্স হোতি॥ ১৯॥

- অন্বয়।—বহুন্পি সহিতং ভাসমানো পমত্তো নরো চে তক্করো ন হোতি,
 (তদা সো) পরেসং গাবো গণয়ং গোপো ব সামঞ্ঞস্স ভাগবা ন হোতি।
- শংস্কৃত।—বহুবীমপি সংহিতাং (বুদ্ধবচনং, ত্রিপিটকং) ভাষমাণঃ প্রমত্তো
 নরশ্চেৎ তৎকরো ন ভবতি, তদা স পরেষাং গাঃ গণয়ন্ গোপ
 ইব শ্রামণ্যশু ভাগবান্ ন ভবতি।
- অমুবাদ।—যেমন কোন গোপ, অস্তু ব্যক্তির (বছসহস্র) গাভী গণনা, করিয়াও, তাহার অধিকারী হইতে পারে না, সেইরূপ যে ব্যক্তি অনেক শাস্ত্র অর্থাৎ বুদ্ধবদ্ধন আবৃত্তি করেন, অথচ প্রমত্তবাবশতঃ তাহার অমুযায়ী কার্য্য করেন না, তিনিও কথন শ্রামণ্যের (বুদ্ধশিষ্যত্বের) অধিকারী হইতে পারেন না।

অপ্লম্পি চে দহিতং ভাসমানো ধন্মক্ত হোতি অনুধন্মচারী।

রাগঞ্জ দোসঞ্চ পহায় মোহং সম্মপ্পজানো স্থবিমুক্তচিত্তো অনুপাদিগানো ইধ বা হুরং বা দ ভাগবা সামঞ্জন্স হোতি ॥ ২০॥

যমকবগ্গো পঠনো।

- অন্বয়।—অপ্লেশি সহিতং ভাসমানো চে (নরো) ধন্মদ্স অনুধন্মচারী হোতি রাগঞ্চ দোসঞ্চ মোহঞ্চ পহায় সন্মপ্পজানো ছবিমুত্ত-চিত্তো অনুপাদিযানো (চ হোতি), (তদা) সোইধ বা হুরং বা সামঞ্ঞুস্স ভাগবা হোতি।
- সংস্কৃত।—অল্লামপি সংহিতাং (বুদ্ধবচনং ত্রিপিটকং) ভাষমাণশ্চেৎ নরো ধর্মেয় অনুধর্মচারী ভবতি, রাগঞ্চ দোষঞ্চ মোহঞ্চ প্রহায় স্থবিমুক্তচিত্তঃ সমাপ্তজানঃ 'অনুপাদানঃ' (উপাদানহীনঃ বর্ত্ততে, তদা) স ইহ বা অমুত্র বা শ্রামণ্যস্ত ভাগবান্ ভবতি।
- অনুবাদ।— যিনি, অল্পমাত্র শাস্ত্র আবৃত্তি করিতে পারেন, অথচ যথার্থ জ্ঞান লাভের উদ্দেশ্রে ধর্মের নিয়মগুলি পালন করেন এবং রাগ, মোহ ও দ্বেষ ত্যাগ করিয়া, উপাদানহীন হইতে পারেন, তিনি ইহলোকে এবং পরলোকে শ্রামণ্যের ভাগী হন।

অপ্পমাদবগ্নো।

অপ্পমাদো অমতপদং পমাদো মচ্চুনো পদং।
অপ্পমত্তা ন মীয়ন্তি যে পমত্তা যথা মতা।। ১।।
এতং বিসেদতো এত্বা অপ্পমাদন্দি পণ্ডিতা।
অপ্পমাদে পমোদন্তি অরিয়ানং গোচরে রতা।। ২।।
তৈ ঝায়িনো সাত্তিকা নিচ্চং দল্হপরক্ষমা।
ফুসন্তি ধারা নিববাণং যোগস্থেমং অমুত্রং।। ৩।।

- অন্য।—অপ্নাদো অমতপদং প্যাদো মচ্চুনো পদং, যে প্যত্তা (তে যথামতা অপ্নয়তা) (তথা) ন মীয়ন্তি, অপ্নাদম্হি এতং বিসেদতো ঞ্জা পণ্ডিতা অরিয়ানং গোচরে রতা অপ্নাদে প্যোদন্তি, ঝায়িনো সাত্তিকা নিচ্চং দল্হপরক্ষমা ধীরা তে নিকাণং অমুত্ররং যোগক্থেমং ফুসন্তি।
- সংস্কৃত।—অপ্রমাদ: অমৃতপদং প্রমাদো মৃত্যো: পদং ; যে প্রমন্তা: (তে) যথা মৃতা:, অপ্রমন্তা: (তথা) ন দ্রিয়ন্তে, অপ্রমাদে এতং বিশেষতঃ জ্ঞাত্বা পণ্ডিতাঃ আর্য্যাণাম্ গোচরে রতাঃ সন্তঃ অপ্রমাদে প্রমোদন্তে, ধ্যায়িনঃ সাত্তিকাঃ নিতাং দৃঢ়পরাক্রমা ধীরান্তে নির্বাণং অমৃত্রং যোগক্ষেমং স্পৃশন্তি।
- অন্থবাদ।—অপ্রমাদ, অমৃত্তুর পথস্বরূপ। প্রমাদ, মৃত্যুর দারস্বরূপ।
 অপ্রমন্ত (অর্থাৎ ধর্মাচরণে তৎপর) ব্যক্তিগণ কথনও মরেন
 না, আর প্রমন্ত ব্যক্তিগণ মৃতস্বরূপ। এই সতা থাহারা
 বিশেষরূপে জ্ঞাত হইয়া অপ্রমাদপরায়ণ হইয়াছেন এবং সর্বাদা

আর্য্যগণের* জ্ঞানে বিহার করেন, ধাননিষ্ঠ সতত-চেষ্টাযুক্ত এবং নিতা দৃঢ়পরাক্রম সেই সকল বীর পুরুষগণ, পরা শাস্তি-স্বরূপ নির্বাণলাভ করেন।

উষ্টোনবতো সতিমতো স্তচিকম্মত্স নিসম্মকারিনো। সঞ্জ্যুত্রত্ব চ ধন্মজীবিনো অপ্পমন্ত্রত্ব যসোহভিবড্টতি ॥৪॥

- অন্বয়।—উট্ঠানবতো সতিমতো স্থচিকশ্বস্স নিসশ্বকারিনো সঞ্ঞ-তস্স ধশ্বজীবিনো অপ্পমন্তস্স যসো অভিবড্ঢতি।
- সংস্কৃত।—উথানবতঃ (উৎসাহসম্পন্নশু) শ্বৃতিমতঃ শুচিকর্মণঃ নিশমা-কারিণঃ (সাবধানশু) সংযতশু ধর্মজীবিনশ্চ অপ্রমন্তশু চ যশোহভিবর্দ্ধতে।
- অনুবাদ।— যিনি সতত জাগরিত, স্মৃতিমান্, এবং পবিত্রকর্মা, যিনি সর্বাদা সাবধান হইয়া, কার্য্য করেন, সংযতে ক্রিয় এবং ধশ্ম-পরায়ণ, সেই অপ্রমাদী পুরুষের যশঃ বদ্ধিত হয়।

উষ্টানেন অপ্নয়াদেন সঞ্জমেন দমেন চ। দীপং কয়িরাথ মেধাবী যং ওঘো নাভিকীরতি !। ৫।।

- সন্ধর।—উট্ঠানেম সপ্প্রমাদেন সঞ্ঞমেন দমেন চ মেধাবী (তং)
 দীপং কয়িরাথ যং ওঘো ন অভিকীরতি।
- সংস্কৃত।—উত্থানেন অপ্রমাদেন সংযমেন দমেন চ মেধাবী (তং) দীপং কুর্য্যাৎ যং ওঘঃ ন অভিকীরতি।
- অনুবাদ। জাগরিত, অপ্রদৃত্ত, সংযত এবং দান্ত হইয়া মেধাবী পুরুষ,

^{*} निर्दाण मार्गावलकी।

আপনার জন্ম এরূপ দ্বীপ (রক্ষাস্থল) প্রস্তুত করিতে পারেন, যাহাকে জলপ্রবাহও প্রতিহত করিতে পারে না।

পমাদমনুযুঞ্জন্তি বালা তুম্মেধিনো জনা। অপ্পমাদঞ্চ মেধাবী ধনং সেটাং ব রশ্বতি।। ৬।।

- অন্তর ।—বালা ছম্মেধিনো জনা পমাদমনুযুজ্ঞি, মেধাবী অপ্পমাদঞ্চ ক্রিং ধনং ব রক্থতি।
- সংস্কৃত।—বালাঃ হুশেধিনো-জনাঃ প্রমাদমমুযুঞ্জন্তি, মেধাবী অপ্রমাদঞ্চ শ্রেষ্ঠং ধনমিব রক্ষতি।
- অমুবাদ।—মূর্থ বা বালস্বভাব ও হুবুদ্ধি ব্যক্তিগণ, প্রমাদের অমুসরণ করে; কিন্তু বৃদ্ধিশালীরা, অপ্রমাদকে শ্রেষ্ঠ ধনের স্থায় রক্ষা করেন।

মা পমাদমনুযুঞ্জেথ মা কামরতি সন্থবং। অপ্পমত্তো হি ঝায়ন্তো পপ্পোতি বিপুলং স্তথং।। ৭।।

- অন্বয়।—পমাদং মা অনুযুজেথ কামরতিসন্থবং (চ) মা (অনুযুজেথ),
 অপ্পমত্তো হি ঝায়ন্তো বিপুলং স্লখং পপ্পোতি।
- সংস্কৃত।—প্রমাদং মা অনুযুজীত কামরতিসংস্তবং (চ) মা (অনুযুজীত),
 অপ্রমত্তো হি ধ্যায়ন্ বিপুল্ং স্কুখং প্রাপ্রোতি।
- অমুবাদ।—কখন প্রমাদের অমুসরণ করিবে না, এবং কাম ও রতি-সম্ভোগের অমুসরণ করিবে না।• অপ্রমত্ত ও ধ্যানপরায়ণ ব্যক্তিগণ, বিপুল স্থুখ লাভ করেন।

পমাদং অপ্পমাদেন যথা *মুদতি পণ্ডিতো।
পঞ্জাপাদাদমারু যৃহ অদোকো দোকিনিং পজং।
পব্বতটো ব ভূদ্মটো ধারো বালে অবেশ্বতি।। ৮।।

অনন । — যদা পণ্ডিতো অপ্পমাদেন পমাদং মুদতি (তদা সো) অসোকো (সস্তো) পঞ্ঞাপাসাদমারুর্য্ সোকিনিং পজং ভুমাট্ঠে বালে পরতেট্ঠো ধীরো ব অবেক্থতি!

সংস্কৃত।—যদা পণ্ডিতঃ **অ**প্রমাদেন প্রমাদং মুদতি (তদা সঃ) অশোকঃ
(সন্) প্রজ্ঞাপ্রাসাদমারুছ শোকিনীং প্রজাং ভূমিস্থিতান্
বালান্ পর্বাতস্থো ধীর ইব অবেক্ষতে।

সমুবাদ।—যথন জ্ঞানী ব্যক্তি, অপ্রমাদ দ্বারা প্রমাদকে দ্রীভৃত করেন,
তথন তিনি বিগতশোক হন এবং প্রজ্ঞারূপ উচ্চপ্রাসাদশিথরে
আরোহণ করিয়া, ভূমিস্থিত মূর্যের প্রতি পর্বতশিথরস্থ ধীর
ব্যক্তি যেরূপ অবলোকন করেন, সেইরূপ তিনিও শোকশীল
মানবগণের প্রতি অবলোকন করেন।

অপ্নত্তো পমত্তেম্থ স্থতেম্থ বহুজাগরো। অবলন্দ ব সীঘন্দো হিত্বা যাতি স্থমেধনো॥ ৯॥

অন্তর ।—স্থমেধসো পমত্তেস্থ অপ্পমত্তো (সস্তো) স্থতেস্থ বছজাগরো (সন্) অবলস্সং ব যাতি।

কৃংক্কত।—স্থান্থাঃ প্রমত্তেষু অপ্রমন্তঃ (সন্) স্থাপ্তেষু বহুজাগরঃ (সন্)

' অবলাশ্বং হিতা শীঘ্রাশ্ব ইব যাতি।

মমুবাদ।— যেমন শীঘ্রগামী অশ্ব তুর্বল অশ্বকে পশ্চাতে পরিত্যাগ করিয়া চলিয়া যায়, সেইরপ বৃদ্ধিমান্ ব্যক্তি প্রমন্ত ব্যক্তিগণের মধ্যে

[\]star নুদতি।

অপ্রমন্ত থাকিয়া এবং নিদ্রিত ব্যক্তিগণের মধ্যে জাগরিত থাকিয়া ধর্মমার্গে অগ্রগামী হন।

অপ্নাদেন মঘবা দেবানং সেষ্টতং গতো। অপ্নাদং পসংসন্তি পমাদো *গহিতো সদা॥১০॥

- অন্বয়। মঘবা অপ্নমাদেন দেবানং সেট্ঠতং গতো, (বুদ্ধাদয়ো পণ্ডিতা)
 অপ্নমাদং পসংসন্তি, পমাদো (পন তে হি অরিয়েহি) সদা
 গহিতো।
- সংস্কৃত।—স্থবা অপ্রমাদেন দেবানাং শ্রেষ্ঠতাং গতঃ। (বুদ্ধাদয়ঃ পণ্ডিতাঃ) অপ্রমাদং প্রশংসন্তি, প্রমাদঃ (পুনঃ তৈঃ আর্ফ্যিঃ) সদা গহিতঃ (নিন্দিতঃ)।
- অনুবাদ।—ইক্র, অপ্রমাদদারা দেবগণের মধ্যে শ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন। পণ্ডিতবর্গ অপ্রমাদকে প্রশংসা করেন। প্রমাদ সর্ব্বদাই নিন্দিত হইয়া থাকে।

অপ্লয়াদরতো ভিশ্ব প্রাদে ভয়দিস্পর্বা.। ক্ষাজনং অণুং থূলং ডহং অগ্নীব গচ্ছতি॥১১॥

- অন্বয়।—অপ্প্রমাদরতো প্রমাদে ভর্দেশ্সি বা ভিক্থু অগ্গীব অণুং থূলং (চ) সঞ্ঞোজনং ডহং গচ্ছতি।
- সংস্কৃত।—অপ্রমাদরতঃ প্রমাদে ভয়দশী বা ভিক্ষু: অগ্নিরিব অণুং স্থূলং
 (চ) সংযোজনং দহন্ গচ্ছতিঃ।
- অমুবাদ।—যে ভিক্সু, অপ্রমাদপরায়ণ ও প্রমাদকে ভয় করেন, তিনি অগ্নির স্থায়, ক্ষুদ্র বা[®]বৃহৎ সমস্ত বন্ধন (ইন্দ্রিয় বন্ধন) দগ্ধ করিতে করিতে বিচরণ করেন।

অপ্নাদরতো ভিশ্ব পানে ভয়দিসিবা। অভবেবা পরিহানায় নিববাণস্যেব সন্তিকে॥১২॥ অপ্নাদবগ্গো ছতিয়ো।

- অন্বয়। --- অপ্প্রমাদরতো পমাদে ভয়দস্সি বা ভিক্থু পরিহানায় অভকো, নিকাণস্স সন্তিকে এব।
- সংস্কৃত।—অপ্রমাদরতঃ প্রমাদে ভয়দশী বা ভিক্ষুঃ পরিহানায় অভবাঃ
 নির্বাণস্থ অস্তিকে এব।
- সমুবাদ।—যে ভিক্সু, অপ্রমাদপরায়ণ এবং প্রমাদে ভারদশ্বী তিনি কথন ধর্মের পথ হইতে বিচ্চলিত হন না, এবং তিনি নির্বাণেরই নিকটবর্ত্তী হন।

চিত্তবগ্গো।

ফন্দনং চপলং চিত্তং দুরশ্বং* তুন্নিবারয়ং। উজুং করোতি মেধাবা উন্থকারোহব তেজনং॥১॥

- সন্তর।—মেধাবী ফন্দনং চপলং দূরক্থং ছন্নিবারয়ং চিত্তং তেজনং উস্থ-কারো ব উজুং করোতি।
- সংস্কৃত।—মেধাবী স্পন্দনং চগলং দূরক্ষ্যং ছনিবার্য্যং চিত্তং তেজনং ইযুকার ইব ঋজু করোতি।
- সমুবাদ।—যেমন কোন বাণপ্রস্তুতকারী বাণকে সোজা করিয়া প্রস্তুত করে, সেইরূপ বৃদ্ধিমান্ ব্যক্তি আপনার ম্পন্দনশীল, চঞ্চল, দূরক্ষা, এবং ছনিবার্যা চিত্তকে সরল করেন অর্থাৎ নিজ বশে আনয়ন করেন।

বারিজোহব থলে থিতো ওকমোকত উব্ততো। পরিফলতিদং চিত্তং মারধেয্যং পহাতবে॥২॥

- সন্তর্মাকত উব্ভতো থলে থিতো বারিজোহব ইদং চিত্তং মারধেয়াং পহাতবে পরিফন্দতি।
- সংস্কৃত।—উদকোকতঃ উদ্ভূতঃ স্থলে ক্ষিপ্তঃ বারিজইব ইদং চিত্তং মারধেয়ং প্রহাতুং প্রিম্পন্দতি।
- অমুবাদ।—যেমন জল হইতে উদ্ভ এবং স্থুলে প্রক্ষিপ্ত মৎস্থ ছট্ফট্

করিতে থাকে, সেইরপ এই চিত্ত মারের রাজ্য অতিক্রম করিবার জন্ম ব্যাকুল হইয়া থাকে।

তুন্নিগ্নহন্দ লহুনো যথকাম্নিপাতিনো। চিত্তন্দ দমথো সাধু চিত্তং দন্তং সুথাবহং ॥৩॥

- অন্বয়। ছিন্নিগ্গহস্স লছনো যথকামনিপাতিনো চিত্তস্স দমথো সাধু,
 দস্তং চিত্তং স্থথাবহং।
- সংস্কৃত।—তুর্নিগ্রহশু লঘুনঃ যত্ত্র কামনিপাতিনঃ চিত্তশু দমথঃ সাধু,
 দাস্তং চিত্তং স্থাবহং।
- সমুবাদ।— তুর্নিগ্রহ; লঘু এবং চঞ্চল চিত্তকে দমনকরাই ভাল; (কারণ)
 বশীক্ত চিত্ত শাস্তি প্রদান করে।

স্থৃত্দদং স্থনিপুণং যথকামনিপাতিনং ! চিত্রং রক্ষেথ মেধাবা, চিত্রং গুত্তং স্থাবহং ॥৪॥

- অন্বয়।—মেধাবী স্থত্দদং স্থানিপুণং যথকামনিপাতিনং চিত্তং রক্থেথ,
 গুত্তং চিত্তং স্থাবহং।
- সংস্কৃত।—মেধাবী স্থৰ্ছদশং স্থানিপুনং যত্ৰকামনিপাতি চিত্তং রক্ষেৎ;
 গুপ্তং চিত্তং স্থাবহং।
